




1

AAJKAAL:SGM

**AN ACADEMIC JOURNAL OF KNOWLEDGE AND
ADVANCEMENT OF LEARNING
SIR GURUDAS MAHAVIDYALAYA**

2021-22



SIR GURUDAS MAHAVIDYALAYA
33/6/1, BIPLABI BARIN GHOSH SARANI, MURARIPUKUR,
ULTADANGA, KOLKATA 700067



AAJKAAL:SGM

**AN ACADEMIC JOURNAL OF KNOWLEDGE AND
ADVANCEMENT OF LEARNING
SIR GURUDAS MAHAVIDYALAYA**

**ALL TEACHERS ARE REQUESTED TO CONTRIBUTE IN THIS
ACADEMIC JOURNAL WITH HIS/HER WRITINGS**

...

**SEND YOUR WRITE UP TO THE EDITOR'S MAIL AND
PLACE A HARD COPY TO IQAC OFFICE**

...

PLEASE SEND A TYPED COPY IN DOC FILE IN THE MAIL

...

SEND ALSO A PDF FILE WITH THIS DOC FILE

...

**WRITERS ARE REQUESTED TO CHECK
THE PROOF AFTER THE COMPLETION OF LAY-OUT**

...

**SIR GURUDAS MAHAVIDYALAYA
33/6/1, BIPLABI BARIN GHOSH SARANI, MURARIPUKUR,
ULTADANGA, KOLKATA 700067**

AAJKAAL:SGM

1

An Academic Journal of Knowledge And
Advancement of Learning

2021-22



TEACHERS' COUNCIL
SIR GURUDAS MAHAVIDYALAYA
33/6/1, BIPLABI BARIN GHOSH SARANI
MURARIPUKUR, ULTADANGA, KOLKATA 700067

AAJKAAL:SGM

**An Academic Journal of Knowledge
Advancement of Learning, from Sir Gurudas Mahavidyalaya
An Annual Bi-lingual Multi-Disciplinary Academic Journal**

**Published by Teacher's Council of
Sir Gurudas Mahavidyalaya, Kolkata
Volume: 1 Issue: 1, Date of Publication: 23 December 2022**

Published by

Dr. Manishankar Roy, Principal, SGM

Design, Layout and Cover

Subhendu Dasmunshi

Printed by

**Debashish Barman
Secretary, Teachers Council, SGM
SIR GURUDAS MAHAVIDYALAYA,
33/6/1, BIPLABI BARIN GHOSH SARANI, MURARIPUKUR,
ULTADANGA, KOLKATA 700067**

Available at

www.sirgurudasmahavidyalaya.com

AAJKAAL:SGM

**An Academic Journal of Knowledge and
Advancement of Learning, from Sir Gurudas Mahavidyalaya**

Chief Patron

Shri Shantanu Mallick, President, GB, SGM

Publisher

Dr. Manishankar Roy, Principal, SGM

Chief Editor

Subhendu Dasmunshi

Editors

Dr. Paramita Halder (HOD, English)

Dr. Sangita De Sarkar (HOD, Physics)

Dr. Arunabha Sinha (Dept of Commerce)

Dr. Suchismita Majumdar (Librarian)

Board of Editors

Dr. Mausumi Bandyopadhyay (HOD, Bengali)

Dr. Ishani Bhaumick (HOD, Chemistry)

Dr. Prasanta Kumar Dey (HOD, Commerce)

Shri Debashish Barman (HOD, Computer Science)

Janab Jayed Ali Laskar (HOD, Economics)

Dr. Ratna Lodh (HOD, Education)

Shri Gautam Halder (HOD, History)

Dr. Subhankar Saha (HOD, Mathematics)

Smt. Dipannita Sanyal (HOD, Political Science)

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত লেখাতে প্রকাশিত
মত ও ভাবনা সংশ্লিষ্ট লেখকের নিজস্ব ও
তথ্য আহরণ ও তার ব্যবহার লেখকের নিজস্ব।
তাই এই সম্পর্কিত কোনো দায়
বর্তমান পত্রিকা-কর্তৃপক্ষের নয়।
এই পত্রিকাটি বিনামূল্যে মহাবিদ্যালয়ের
ওয়েবসাইটে পাঠ করা যাবে।
তবে, কোনোভাবেই এই পত্রিকার কোনো লেখা
সংশ্লিষ্ট লেখক ভিন্ন অন্য কেউ
পত্রিকা কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে
আর কোনো ভাবেই ব্যবহার করতে পারবেন না।

CONTENTS

| | |
|----------------------|----|
| অধ্যক্ষের কথা | 09 |
| শিক্ষক সংসদের পক্ষে | 10 |
| প্রধান সম্পাদকের কথা | 11 |

মধ্যযুগের বাংলা সাহিত্য

শাক্ত পদাবলি: স্নেহ, ভালবাসা ও

ভক্তির এক আশ্চর্য মেলবন্ধন

| | |
|---------------------------|----|
| ড. মৌসুমী বন্দ্যোপাধ্যায় | 13 |
|---------------------------|----|

PARTITION LITERATURE

Loss of Identity and Citizenship:

Widows and Migrant Experience in

Two Partition Texts in Translation

| | |
|---------------------|----|
| Dr. Paramita Halder | 18 |
|---------------------|----|

বাংলা নাটক ও নাট্যসাহিত্য

বেণিমাধব: আপোসে আর সংগ্রামে মুখর শিল্পী

| | |
|--------------------|----|
| শুভেন্দু দাশমুঙ্গী | 24 |
|--------------------|----|

শাঁওলী মিত্রের 'নাথবতী অনাথবৎ': প্রেক্ষাপট, অভিনয়-শিল্প ও

দ্রৌপদীর আনন্দ-বেদনা

| | |
|------------|----|
| ঈশিতা দত্ত | 36 |
|------------|----|

কথাসাহিত্য বিশ শতক

সমরেশ বসুর বি টি রোডের ধারে:

লেখকের মনোধর্মের দুই ধারা

| | |
|---------------|----|
| দেবযানী নায়ক | 31 |
|---------------|----|

ECONOMICS AND INDIA

INDIAN CAPITAL MARKET:
COMPONENTS AND INDICES
DR. PRASANTA KUMAR DEY

40

ON NEP 2020

Enhance and Inculcate the Essential Skills for Original Research among Undergraduate Level Students
Dr. Suchismita Majumdar

45

STATISTICAL PHYSICS

150 years of Equipartition
Theorem: A Review
Dr. Sangita De Sarkar

50

ভাবনার নোটবই

আধিপত্য আর ক্ষমতা:

আন্তোনিও গ্রামশি আর মিশেল ফুকোর দ্বিবিধ ধারণা

সুমিতা দেবনাথ

55

BOOK REVIEW

Transformation of Women: Mise en question
Dr. Subhankar Saha

59



অধ্যক্ষের কথা

এক নতুন উদ্যোগ আর সুন্দর সূচনা

কোভিড- পরবর্তী কালে
যখন সকলকে বিষাদ গ্রাস
করেছে, ছাত্রছাত্রীরা বিহ্বল
তাদের সময় আর চারিপাশ
নিয়ে, তখন শিক্ষক শিক্ষিকার
দায়িত্ব কেবল পঠনপাঠন নয়,
তাদের মধ্যে একটা
পড়াশোনা নিয়ে বাড়তি
উৎসাহের সঞ্চারণ করা।

আমাদের স্যার গুরুদাস মহাবিদ্যালয়ের শিক্ষক সংসদের
বৃহত্তর পরিবার একটি নতুন অ্যাকাডেমিক চর্চার ক্ষেত্র তৈরি
করতে জেনেছে জেনে খুব ভালো লাগল। নতুন দিনের সঙ্গে
অধ্যাপক অধ্যাপিকাদের আরও সচেতন হতে হবে তাঁদের
অধ্যয়ন ও ভাবনাচিন্তাকে প্রকাশ করার ব্যাপারে। এখন
তাঁদের ওপর আরো বড়ো দায়িত্ব। বিশেষ করে এই
কোভিড- পরবর্তী কালে যখন সকলকে বিষাদ গ্রাস করেছে,
ছাত্রছাত্রীরা বিহ্বল তাদের সময় আর চারিপাশ নিয়ে, তখন
শিক্ষক শিক্ষিকার দায়িত্ব কেবল পঠনপাঠন নয়, তাদের
মধ্যে একটা পড়াশোনা নিয়ে বাড়তি উৎসাহের সঞ্চারণ করা।
এই ধরনের গবেষণামূলক পত্রিকা, তাদের এই কাজের
প্রেরণা দেবে আশা করি।

সকল শিক্ষক শিক্ষিকাদের ধন্যবাদ তাঁদের সর্বাঙ্গিক
সাহায্যের জন্য। সকলের লেখাতে আরো ভরে উঠুক এই
পত্রিকা। ভবিষ্যতে পত্রিকাটিকে আরো বড়ো পরিসরে নিয়ে
যেতে পারলেই এই পত্রিকার এই সূচনার সার্থকতা। এই
পত্রিকা প্রকাশের শুভলগ্নে কলেজের সঙ্গে যুক্ত সকলের
প্রতি আমার শুভেচ্ছা আর অভিনন্দন। এই এক নতুন আর
সুন্দর সূচনা এগিয়ে চলুক নিজের লক্ষ্যে ধারাবাহিকভাবে।

ড মণিশঙ্কর রায়

অধ্যক্ষ,

স্যার গুরুদাস মহাবিদ্যালয়



শিক্ষক সংসদের পক্ষে

আলোচনা আমাদের ঋদ্ধ করবে, হবে পাঠ সহায়ক

সেই সকল আলোচনা
আমাদের যেমন ঋদ্ধ করবে,
তেমনই আশা করি তা
দরকারি পাঠ সহায়ক
হয়ে উঠবে আমাদের
প্রিয় ছাত্রছাত্রীদের জন্যেও।
তারাও এখন উপকৃত ও
ভবিষ্যতের জন্য
উৎসাহিত হবে।

খুবই আনন্দের সংবাদ যে অবশেষে স্যার গুরুদাস মহাবিদ্যালয়ের শিক্ষক সংসদ থেকে একটি গবেষণামূলক আলোচনাপত্র প্রকাশিত হতে চলেছে। আমার সকল সহকর্মী অধ্যাপক অধ্যাপিকা বন্ধুদের প্রতি আমার সশ্রদ্ধ নমস্কার ও অভিনন্দন। এখানে সকলে নিজ নিজ সাম্প্রতিক ভাবনা চিন্তা ও পঠনপাঠনের এক প্রতিফলন রাখবেন। আপনাদের সেই সকল আলোচনা আমাদের যেমন ঋদ্ধ করবে, তেমনই আশা করি তা দরকারি পাঠ সহায়ক হয়ে উঠবে আমাদের প্রিয় ছাত্রছাত্রীদের জন্যেও। তারাও এখন উপকৃত ও ভবিষ্যতের জন্য উৎসাহিত হবে।

বহুদিন থেকেই এমন একটি আলোচনাপত্র প্রকাশের কথা হচ্ছিল, সেটি যে অবশেষে প্রকাশিত হতে পারলো, তার জন্য সকলকে, বিশেষ করে এই সংখ্যাটিতে নিজস্ব লেখা দিয়ে যাঁরা আমাদের এই ভাবনাকে বাস্তবায়িত করেছেন, তাঁদের অজস্র ধন্যবাদ। বিশেষভাবে ধন্যবাদ জানাই সম্পাদকমণ্ডলীর সদস্যদের এবং মাননীয় সম্পাদকমশাইকে। তিনি তাঁর ব্যস্ত সময়ের মাঝখানে খুব যত্ন নিয়ে এই পত্রিকাটির রূপদান করেছেন। আর অবশ্যই আমরা শিক্ষক সংসদের পক্ষ থেকে কৃতজ্ঞ সম্মাননীয় অধ্যক্ষ ড. মণিশঙ্কর রায়ের কাছে, তিনি আমাদের সমস্ত কাজে সব সময়েই আমাদের পাশে আছেন। এটাই বড়ো ভরসার কথা।

দেবাশিস বর্মণ

সম্পাদক, শিক্ষক সংসদ



সম্পাদকীয়

তিমিরবিনাশী হতে চেয়ে

এক অভূতপূর্ব পঠনপাঠন
ব্যবস্থার সঙ্গে ভারী
নিবিড় যোগাযোগ তৈরি হল
আমাদের।
অনলাইন পড়াশোনা শব্দটার
সঙ্গে এই কিছুদিন আগেও
এতখানি পরিচিত ছিলাম না
আমরা, আর এখন
এ একেবারেই
সর্বজনবিদিত এক
শব্দবন্ধ।
এই অভ্যাস থেকেই
আমরা স্থির করেছিলাম
একটা জার্নাল যদি করা যায়।
অনলাইন-ই হোক না হয়।
সেই আলোচনার ফসল
এই 'আজকাল: এস জি এম'।

একটা অন্ধকার কালপর্বের পরে আমরা আবার সম্মিলিত হয়েছি এই মহাবিদ্যালয়ের উঠোনে। আবার শুরু হয়েছে ছাত্রছাত্রীদের আনাগোনা। আবার ক্লাসে যাওয়ার ব্যস্ততা, ক্লাসে দাঁড়িয়ে সিলেবাস শেষ করার তাড়া, ক্লাসের মাঝখানে সকলে একবার ফুরসত করে টিফিন ভাগ করে খাওয়ার দিনগুলির মুখোমুখি আমরা। এই সহজ আসা যাওয়ার গল্পটা কেমন যেন অপরিচিত হয়ে গিয়েছিল এর ভেতর। এক অনিশ্চেষ্ট অনিশ্চয়তার মধ্যে কেটেছে আমাদের দিনগুলি রাতগুলি। উদ্বেগ আর দুশ্চিন্তার ভেতর তবুও ধারাবাহিক থেকেছে পড়ানোর কাজ। ধরন বদলেছে, তার সঙ্গে মানাতে সময় লেগেছে আমাদের। তবু এক আশ্চর্য অভিযোজন দক্ষতায় আমরা পড়াশোনা করিয়েছি, ছাত্রছাত্রীরা পড়েছে, পরীক্ষা দিয়ে সসম্মান উত্তীর্ণ হয়েছে তাদের পরীক্ষাতে। এক অভূতপূর্ব পঠনপাঠন ব্যবস্থার সঙ্গে ভারী নিবিড় যোগাযোগ তৈরি হল আমাদের। অনলাইন পড়াশোনা শব্দটার সঙ্গে এই কিছুদিন আগেও এতখানি পরিচিত ছিলাম না আমরা, আর এখন এ একেবারেই সর্বজনবিদিত এক শব্দবন্ধ। এই অভ্যাস থেকেই আমরা স্থির করেছিলাম একটা জার্নাল যদি করা যায়। অনলাইন-ই হোক না হয়। সেই আলোচনার ফসল এই 'আজকাল: এস জি এম'। আজকাল বাংলা শব্দ তো বটেই, আজকাল আমরা কে কী পড়ছি, কে কী ভাবছি, তার একটা প্রতিফলন থাকবে এখানে। আর তার পাশাপাশি রোমান হরফে AAJKAAL: SGM একটি বাংলা ভাষাবিজ্ঞানের মতে একটি মুগ্ধমাল শব্দ। AAJKAAL- AN ACADEMIC JOURNAL of KNOWLEDGE AND ADVANCEMENT of LEARNING. আমাদের প্রিয় বিশ্ববিদ্যালয়ের মূলকথার সঙ্গে সুর মিলিয়ে এই নাম। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মোটো advancement of learning-এর লক্ষ্যটিকে যেন পূরণ করতে চাইছে আমাদের সারস্বত সাধনা।

এই আজকাল এস জি এম
বস্তুত আমাদের
এই মহাবিদ্যালয়ের
সমস্ত শিক্ষক শিক্ষিকার
এক নিজস্ব চিন্তাচর্চার মুক্তমঞ্চ।

মধ্যযুগের বাংলা সাহিত্য থেকে আধুনিক বাংলা নাটক আর
কথাসাহিত্য। তার পাশাপাশি দেশভাগের পটভূমিতে দেশের দুই প্রান্তে
লেখা দুই লেখিকার তুলনামূলক আলোচনাও এখানে উপস্থাপিত।
আছে বিজ্ঞানের তত্ত্ব আর বাণিজ্য অর্থনীতি বিষয়ক দুইটি লেখার
সঙ্গে সম্প্রতি প্রস্তাবিত জাতীয় শিক্ষানীতির নতুন দিক বিষয়ক একটি
অবলোকন।

আমরা আগেই বলেছিলাম, এই আজকাল এস জি এম বস্তুত
আমাদের এই মহাবিদ্যালয়ের সমস্ত শিক্ষক শিক্ষিকার এক নিজস্ব
চিন্তাচর্চার মুক্তমঞ্চ। এখানে কখনো তাঁরা নিজ নিজ বিভাগের গুণী
মেধাবী ছাত্রছাত্রীদের লেখার প্রস্তাব ভবিষ্যতে দেবেন। এই পত্রিকা
ক্রমশ হয়ে উঠবে ছাত্র-শিক্ষক বিদ্যার আদান-প্রদানেরও এক ক্ষেত্র।
সেটিই হয়তো হবে এই উদ্যোগের সার্থকতার দিকচিহ্ন।

মহাবিদ্যালয়ের অধ্যক্ষ ড. মণিশঙ্কর রায় এই ধরনের উদ্যোগে
সর্বদাই পাশে থাকেন। তাঁকে অনেক ধন্যবাদ ও কৃতজ্ঞতা। সহকর্মী
তথা সহযোদ্ধাদের আন্তরিক অভিনন্দন ও অনন্ত শুভেচ্ছা। এই
সংখ্যাটি বড়ো তাড়াতাড়ি প্রকাশ করতে হল, তাই এখানে অনেকের
লেখা যোগ করতে পারলাম না। আগামী সংখ্যাতে তাঁদের অংশগ্রহণে
আরো পূর্ণ হয়ে উঠবে। আমাদের সুদূরবর্তী আন্তর্জালিক পাঠকদের
প্রতি মহাবিদ্যালয়ের পক্ষ থেকে শুভেচ্ছা। এই ক্রান্তিকাল আমরা
অতিক্রম করেছি। আমরা যেন তিমিরবিনাশী হতে পারি।

শুভেন্দু দাশমুল্লী
প্রধান সম্পাদক

শাক্ত পদাবলি: স্নেহ, ভালবাসা ও
ভক্তির এক আশ্চর্য মেলবন্ধন

ড. মৌসুমী বন্দ্যোপাধ্যায়

সহযোগী অধ্যাপক, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ



শক্তি হলেন উমা-
পার্বতী- দুর্গা-
কালিকা। শাক্তগানের
'আগমনী ও বিজয়া'-
পর্যায়ের রয়েছে উমা
বা পার্বতীর সঙ্গে
তার পিতা হিমালয়
ও মাতা মেনকার
লৌকিক স্নেহ-
বাৎসল্যের ছবি। এই
পর্যায়ের রয়েছে
মহাদেব বা
মহাকালের সঙ্গে দুর্গা
বা মহাকালীর
অন্তরঙ্গ অবিচ্ছেদ্য
সম্পর্ক।

বিষয় নির্যাস :

ভারতবর্ষে মাতৃকা পূজার ধারাটি অত্যন্ত বৈচিত্র্যপূর্ণ। ঋগ্বেদ আর্ষদের সর্বপ্রাচীন গ্রন্থ। ঋগ্বেদে পুরুষ দেবতাদেরই একচ্ছত্র আধিপত্য দেখতে পাওয়া যায়। অথচ ভারতীয় সাধনায় স্ত্রীদেবতা অর্থাৎ 'শক্তি' একটি প্রধান অংশ গ্রহণ করে রয়েছেন। অনেকের অনুমান এই যে, মাতৃতান্ত্রিক অনার্য সম্প্রদায় থেকে আর্ষ সমাজে 'শক্তি'র প্রবেশ ঘটেছে। আবার কেউ কেউ মনে করেন যে, ঋগ্বেদের দশম মন্ডলের একটি সূক্তে যে দেবী বন্দনা আছে, সেই দেবী সূক্তই ভারতীয় শক্তিবাদের মূল উৎস। শক্তিকে অবলম্বন করে যে গান রচিত হয় তাই হল শাক্তগান। আর শক্তি হলেন উমা- পার্বতী- দুর্গা- কালিকা। শাক্তগানের 'আগমনী ও বিজয়া'- পর্যায়ের রয়েছে উমা বা পার্বতীর সঙ্গে তার পিতা হিমালয় ও মাতা মেনকার লৌকিক স্নেহ-বাৎসল্যের ছবি। এই পর্যায়ের রয়েছে মহাদেব বা মহাকালের সঙ্গে দুর্গা বা মহাকালীর অন্তরঙ্গ অবিচ্ছেদ্য সম্পর্ক। মহাকালী বা শক্তি মহাকালে বা শিবে শক্তি সঞ্চর করলেই সৃষ্টির উদ্ভব হয়। আর শাক্তপদাবলির অন্তর্গত 'ভক্তের আকুতি' পর্যায়ের রয়েছে উমা বা পার্বতীর মাতৃরূপের প্রকাশ এখানে উমা হলেন জগজ্জননী, পদকর্তা হলেন তার সন্তান। সেই কারণে 'ভক্তের আকুতি' শাক্তপদাবলির অন্তর্গত একটি গুরুত্বপূর্ণ পর্যায়। 'ভক্তের আকুতি' বলতে বোঝায় ভক্তের আন্তরিক আকাঙ্ক্ষা। এই শ্রেণীর পদগুলিতে প্রধানত জগজ্জননীর স্নেহ লাভের আকাঙ্ক্ষাই ধ্বনিত হয়েছে; মাতৃচরণ কমলে স্থান লাভের ইচ্ছাই ব্যক্ত হয়েছে। ভক্ত সাধক এই দুঃখের সংসারে জগজ্জননীর সন্তান। সন্তান যেমন দুঃখ পেয়ে জননীর উপর নির্ভর করে, শরণ নেয়, মাতৃভক্ত সাধকও তেমনই জগজ্জননীর প্রতি একান্ত নির্ভরশীল। এক কথায় বলা যায় যে, জগজ্জননীকে কন্যা রূপে গ্রহণ করে শাক্ত পদকর্তাগণ একদিকে যেমন লীলারস আশ্বাদন করেছেন, অন্যদিকে এই বিশ্বব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্রী মহাশক্তিকে লাভ করবার সাধনাও তাঁরা করেছেন।

সূচক শব্দ: সর্বশক্তিমান, জগজ্জননী, লীলামাধুর্য, আত্মসমর্পণ, মাতৃচরণ।

সর্বশক্তিমান ভগবানের 'শক্তি' কল্পনা ভারতীয় ধর্ম সাধনা তথা দর্শনের একটি মুখ্য অঙ্গ। আর এই 'শক্তি'ই সর্বক্রিয়া ও সর্বজ্ঞানের মূল কারণ। ইনিই দেবী রূপে

বন্দিতা; উমা- পার্বতী- দুর্গা- কালিকা রূপে পূজিতা। ধর্মসঙ্গীত হলেও 'আগমনী ও বিজয়ার' গান গুলির মধ্যে বাঙালির জাতীয় উৎসবের আনন্দ বেদনা, মুখরিত কলতান সঙ্গীতের অনিঃশেষ রাগিনীতে মুর্ছিত হয়েছে, তাই 'আগমনী ও বিজয়া'র গানগুলি বাঙালির নিজস্ব সম্পদ। বাংলাদেশের গ্রাম্য সমাজ- যে সমাজের মধ্যমণি মা- মেয়ের স্নেহ, স্বামী- স্ত্রীর ভালোবাসা, তা যেমন এখানে চিত্রিত হয়েছে, তেমনই ভক্ত ও ভগবানের মধ্যে এক নিঃশূন্য সম্পর্ক এখানে প্রকাশ পেয়েছে। মাতৃভাবে ভগবানকে আরাধনা করবার রীতিটি আজও ভারতবর্ষে প্রচলিত। প্রাচীনকাল থেকেই প্রচলিত সেই রীতি অনুযায়ী সর্বশক্তিমান পরমাত্মাই হলেন জগজ্জননী শ্যামা। শাক্ত পদাবলির অন্তর্গত 'ভক্তের আকুতি' পর্যায়ে সেই শ্যামারই মাতৃরূপে আত্মপ্রকাশ। 'ভক্তের আকুতি' শীর্ষক পদগুলিতে জগজ্জননীর প্রতি ভক্তের মান-অভিমান, অনুযোগ- তিরস্কার যতই গভীরভাবে প্রকাশিত হোক না কেন, জননীর স্নেহই যে একমাত্র কাম্যবস্তু, জননীর চরণ কমলই যে একমাত্র আশ্রয়স্থল- এই সত্যই দীপ্যমান। তাই এই আকুতি শরণাগতের আকুতি।

শাক্ত পদাবলিতে লীলা ও তত্ত্বের কথা ওতপ্রোতভাবে জড়িত। 'বাল্যলীলা', 'আগমনী ও বিজয়ার' শীর্ষক পদগুলিতে আমরা জগজ্জননীর লীলা দেখতে পাই। তবে লীলা অংশও সম্পূর্ণরূপে তত্ত্ববিরহিত নয়। 'আগমনী ও বিজয়া' অংশেও উমা যে চৈতন্যরূপিনী, তিনিই যে ব্রহ্মা-বিষ্ণু- বন্দিতা জগজ্জননী, তার আভাস আছে, আবার তত্ত্ব অংশেও লীলা কাহিনী বর্ণিত হয়েছে। যে মহাশক্তি জগতের সৃষ্টিকর্ত্রী তিনিই গিরিরাজ হিমালয় ও তাঁর পত্নী মেনকার সুকঠিন তপস্যায় প্রীত হয়ে লীলাচ্ছলে অবতীর্ণ হলেন মেনকার কন্যা উমারূপে। জগজ্জননীকে এইভাবে কন্যারূপে কল্পনা করে তাঁর অনন্ত লীলা মাধুর্য বর্ণনা করাই শাক্ত পদাবলির 'বাল্যলীলা' ও 'আগমনী ও বিজয়া' অংশের মূল প্রতিপাদ্য বিষয়। সেই কারণে রবীন্দ্রনাথ বলেছেন— "বাঙ্গালার জলবায়ুতে মধুর রস বিরাজ করে, তাই বাঙ্গলাদেশে অতুঃগ্রহ চন্দ্রী ক্রমশঃ মাতা অল্পপূর্ণা রূপে, ভিখারীর গৃহলক্ষ্মীরূপে, বিচ্ছেদ বিধুরা কন্যারূপে— মাতা, পত্নী ও কন্যা, রমনীর এই ত্রিবিধ মঙ্গলসুন্দর রূপে দরিদ্র বাঙ্গালীর ঘরে মধুর রস সঞ্চারণ করিয়াছেন।"

'বাল্যলীলা'য় জগজ্জননী উমার বাল্য চপলতা, বালখিল্য আবদার ও অপরূপ রূপমাধুর্য পরিস্ফুট হয়ে উঠতে দেখা গেছে। সোনার পুতলি উমা ভারি অভিমানিনী। মায়ের কাছে সে অসম্ভব বস্তুর বায়না করে। আর তা না পেয়ে কান্নাকাটি করে, দাপাদাপি করে, মাকে মারতে যায়-

"অতি অবশেষ নিশি, গগনে উদয় শশী
বলে উমা, ধরে দে উহারে।
কাঁদিয়ে ফুলালে আঁখি, মলিন ও মুখ দেখি,
মায়ে ইহা সহিতে কি পারে।
আয় আয় মা মা বলি, ধরিয়ে কর অঙ্গুলি,
যেতে চায় না জানি কোথারে।
আমি কহিলাম তায়, চাঁদ কিয়ৈ ধরা যায়,
ভূষণ ফেলিয়ে মোরে মারে।।"

যদিও শেষ পর্যন্ত গিরিরাজ কন্যার হাতে একখানি আয়না দিয়ে- তার নিজের মুখচ্ছবি দেখিয়ে তাকে শান্ত করেন। এ তো গেল মেয়ের কথা। এই মেয়েই যখন বিবাহের পরে শিবের সঙ্গে কৈলাস যাত্রা করেন, তখন একমাত্র কন্যাকে হারিয়ে দুঃখে তাপে বেদনায় মেনকা দগ্ধ হতে লাগলেন। তৃষ্ণার্ত চাতকের মত মেনকা অধীর আগ্রহে প্রতীক্ষা করতে লাগলেন, বৎসরান্তে শরৎকালে মাত্র তিন দিনের জন্য উমা কখন পিতৃগৃহে আগমন করবেন! সেই প্রতীক্ষা তীব্র থেকে তীব্রতর হয়ে উঠল যখন মেনকা উমাকে স্বপ্নে দেখলেন, আর সেই স্বপ্ন আদৌ সুখ স্বপ্ন ছিল না, স্বপ্নে দেখা উমা 'হেমাঙ্গী' থেকে 'কালী'তে পরিণত হয়েছেন। শুধু তাই নয়, পতিগৃহগতা উমা অভিযোগ করে বলে উঠেছেন—

এই মেয়েই যখন বিবাহের পরে শিবের সঙ্গে কৈলাস যাত্রা করেন,
তখন একমাত্র কন্যাকে হারিয়ে দুঃখে তাপে বেদনায় মেনকা দগ্ধ হতে লাগলেন।
তৃষ্ণার্ত চাতকের মত মেনকা অধীর আগ্রহে প্রতীক্ষা করতে লাগলেন,
বৎসরান্তে শরৎকালে মাত্র তিন দিনের জন্য উমা কখন পিতৃগৃহে আগমন করবেন!

কত দয়া আর থাকিবে পাথরে,
ভিখারীর করে সমর্পণ ক'রে,
কেন তত্ত্ব দিয়ে লও না মা একবার।।"
কন্যার যখন এই উক্তি গিরিরানি মেনকাই বা কম যান কিসে!
তিনিও স্বামী গিরিরাজকে অভিযোগ করে বলেন-
"উমা বিধুমুখ না দেখি বারেক, এ ঘর লাগে আন্ধার।।
আজি কালি করি দিবস যাবে, প্রাণের উমারে আনিবে কবে?
এতদিন কি হে আমারে ভুলাবে, এ কি তব অবিচার।।"

গিরিরাজ মহিষী মেনকা মেয়ের জন্য যত দুশ্চিন্তাই করুন না কেন, উমার স্বামী মহাদেব কিন্তু তাঁর স্ত্রী উমাকে খুব ভালোবাসেন। তাই পিতৃগৃহে যাবার সময় পার্বতী শিবের নিকট ক্রন্দন করেছেন। যে মেয়ে এতদিন পিতৃগৃহেই তার সুখ দুঃখের দিনগুলি কাটিয়েছে; সেই মেয়েই আবার স্বামী প্রেমে নবরূপ লাভ করে পিতৃ গৃহে যেতে গিয়ে কেঁদে ফেলেছেন পার্বতীর কান্না তাঁর স্বামী শিবের কাছ থেকে দিন কয়েক দূরে থাকবেন বলে। আর মহাদেব ও উমা গত প্রাণ, তিনি শুধুমাত্র পাগল নন; তিনি রসরাজ। তাই উমা পিতৃগৃহে যাবার জন্য অনুমতি প্রার্থনা করলে তিনি পরিহাস রসিক চিত্তে অনুমতি দেন—

"জনক ভবনে যাবে, ভাবনা কি তার;
আমি তব সঙ্গে যাব; কেন ভাবো আর।
আহা, আহা, মরি মরি; বদন বিরস করি,
প্রাণাধিকে প্রাণেশ্বর; কেঁদো নাক আর।"

সুতরাং জগজ্জননীকে কন্যা সাজিয়ে যেসব খেলা এদেশের ভক্ত ও সাধকেরা খেলছে; তার নিদর্শন অন্য কোথাও দৃষ্ট হয় না। তাই 'আগমনী ও বিজয়া'র গান কেবল বাঙালিই রচনা করতে পেরেছে, আর কোন জাতি পারেনি; আর সেই কারণেই এগুলি বাঙালা ভাষা- ভাষার এক অমূল্য সম্পদ।

জন্মমৃত্যু বলয়িত দেহধারণের অ-সার্থকতার আক্ষেপই 'ভক্তের আকৃতি' নামাঙ্কিত পদগুলির বৈশিষ্ট্য। সন্তান যেমন দুঃখে কষ্টে মায়ের স্নেহ না পেয়ে কাঁদে, অভিমান করে, কখনো তার বিরুদ্ধে অভিযোগ করে, এমনকি তিরস্কারও করে; সেইরূপ জগজ্জননীর কুপারক্ষিত শাক্ত সাধক কবিগণ সংসারের দুঃখানলে জ্বলতে জ্বলতে ক্ষুদ্র ব্যথিত চিত্তে নিজের মনে ক্রন্দন করেছেন, মায়ের প্রতি অভিমান করেছেন, মা-কে তিরস্কার করে অভিযুক্ত করেছেন কিন্তু শত অভিযোগ সত্ত্বেও মাতৃ নির্ভরতা থেকে, মাতৃভক্তি থেকে বিন্দুমাত্র বিচ্যুত হননি। বিদ্রোহের মধ্যে একান্ত নির্ভরতা ও বিশ্বাস, অনুযোগের মধ্যেও আবদার, অভিযোগের মধ্যে আত্মসমর্পণের শ্যামাসঙ্গীত গুলির প্রধান সুর- অর্থাৎ শাক্ত পদ বা শাক্তগানগুলির মূল কথা। বিশ্বেশ্বরীর সঙ্গে মধুর সম্পর্ক স্থাপন করে সাধক হৃদয়ের অভিলাষ

মাতার নিকট ব্যক্ত করেছেন। তিরস্কার, একান্ত বিশ্বাস ও আত্মসমর্পণের দ্বারা এক সাধক বিশ্বজননীকে একদিকে যেমন মর্তপ্রীতির বন্ধনে আবদ্ধ করে এক অপূর্ব অধ্যাত্মভাবের রাজ্য সৃষ্টি করেছেন; অপরদিকে বিচিত্রভাবের দোলায় দুলে আত্মমগ্ন চিত্তে মায়ের চরণে গীতাঞ্জলি প্রদান করেছেন। মা বিনা আর গতি নাই—"বল মা আমি দাঁড়াই কোথায়/ আমার কেহ নাই শঙ্করী হেথা।"

সুতরাং একদিকে জীবনের ঘনায়মান ব্যর্থতার নৈরাশ্য, অন্যদিকে মাতৃচরণের জন্য তীব্র কামনা- এই দুইয়ের মিলনই ভক্তের আকৃতি। এক হিসাবে একে জীবন বৈরাগ্য না বলে উদ্ধারিত জীবন অনুরাগই বলা যায়। 'ভক্তের আকৃতি' যেন বৈষ্ণব পদাবলির আক্ষেপানুরাগ ও বাৎসল্য বৈচিত্র্য। এই আক্ষেপ অনুরাগের নিমিত্তকারণ নয়, স্থূল বস্তু সর্বস্ব জীবনের গ্লানিজনিত আক্ষেপ। এক অতীন্দ্রিয় জীবনের অনুরাগ-ই পদগুলির অভীষ্ট। বৈষ্ণব পদাবলীর কৃষ্ণকে পাবার পর রাধা আক্ষেপ করে বলে উঠেছেন- "সুখের লাগিয়া/ এ ঘর বাঁধিনু/ অনলে পুড়িয়া গেল।/ অমিয়া সাগরে/ সিনান করিতে/ সকলই গরল ভেলা।" ঠিক তেমনই, "বড় আশা ছিল মনে, ফল পাবো মা এই তরুতে?/ তরু মুঞ্জরে না, শুকায় শাখা, ছটা আগুন বিগুণ আছে।"

সংসার চালাতে গেলে
অর্থের প্রয়োজন হয়

অথচ সেই অর্থ
ভক্তপদকর্তার মত কিছু
দরিদ্র মানুষদের হাতে
নেই। তাই শ্যামা মায়ের

ভক্তরা মাকে বুঝিয়ে
দিয়েছেন যে, 'অর্থ বিনা
ব্যর্থ যে এই সংসার

সবারই।' এই অর্থ
অপ্রতুল সংসারে কবি
অভাবের দৈন্যে আহত
হয়েছেন, নিশ্চিন্তে

নিরুপদ্রবে মাতার অক্ষয়
ধ্যানে মনোযোগ
দিতে পারেননি।

অর্থাৎ পদকর্তা এই সংসারে এসে মায়ের সেবাকর্ম থেকে বঞ্চিত হয়েছেন, তাই তিনি মায়ের কাছে জবাব ও চেয়ে বসেছেন, "তুমি কি দোষে করিলে আমায় ছটা কলুর অনুগত।" শুধু তাই নয়, জীবনযাপন করতে গিয়ে অর্থাভাবজনিত গ্লানিও শ্যামা মায়ের ভক্তকে সহ্য করতে হয়েছে। কেননা সংসার চালাতে গেলে অর্থের প্রয়োজন হয় অথচ সেই অর্থ ভক্তপদকর্তার মত কিছু দরিদ্র মানুষদের হাতে নেই। তাই শ্যামা মায়ের ভক্তরা মাকে বুঝিয়ে দিয়েছেন যে, 'অর্থ বিনা ব্যর্থ যে এই সংসার সবারই।' এই অর্থ অপ্রতুল সংসারে কবি অভাবের দৈন্যে আহত হয়েছেন, নিশ্চিন্তে নিরুপদ্রবে মাতার অক্ষয় ধ্যানে মনোযোগ দিতে পারেননি। তাই ব্যর্থ সাংসারিকতায় নিয়োগকারিণী মাতার ওপর শাক্তকবির অভিমান, জীবনের স্বাচ্ছল্যের উপরই ভক্তিযোগের প্রতিষ্ঠা- ভক্তরা মাকে সে কথাও মনে করিয়ে দিতে চেয়েছেন—

"ওমা, তুমিও কোন্দল করেছ বলিয়ে শিব ভিখারি,

জ্ঞান- ধর্ম শ্রেষ্ঠ বটে, দান-ধর্মোপরি।

ওমা বিনা দানে মথুরা- পারে যাননি এই ব্রজেশ্বরী।"

বিষয়ে আসক্ত ভক্তের এই অভিযোগ মাতার প্রতি অভিমানেই পর্যবসিত হয়নি, অনেকগুলি পদে এই অভিমান ব্যর্থতার রুদ্ধ কণ্ঠরোষে পরিণত হয়েছে। এই রোষ কষায়িত ক্ষোভে ভক্তপদকর্তারা জগজ্জননীকে বাৎসল্যহীন, পুত্রের প্রতি বিমাতৃসুলভ আচরণকারিণী, কৃপণা ইত্যাদি সম্বোধনে আখ্যায়িত করেছেন। বিষ্ণুদ্ব রামপ্রসাদ মাতার কৃপা বঞ্চনার জন্য বিকল্প শরণের পরিকল্পনা করেছেন—

"তুমি না করিলে কৃপা, যাব কি বিমাতা যথা?

যদি বিমাতা, আমায় করেন কোলে,

দূরে যাবে মনের ব্যথা।।"

এই উক্তির দুটি অর্থ হতে পারে। একটি সাধারণ অর্থ- যেখানে পদকর্তা বিমাতার কাছে চলে যেতে চান। অপর অর্থ তিনি গঙ্গাবক্ষে আত্মবিসর্জন দিতে চান।

শাক্তপদকর্তারা জগজ্জননীর প্রতি যতই অভিমান করুক না কেন, যতই শ্যামা মাকে নির্দয়া, কৃপণা বলুক না কেন, শেষ পর্যন্ত মাতৃচরণের প্রতি স্থির অচপল প্রার্থনা শাক্ত ভক্তি গীতির বৈশিষ্ট্যকে অশ্রান্তভাবে চিনিয়ে দেয়। শাক্তপদকর্তারা জানেন যে, তারা মায়ের নাম করলে যখন জন্ম-জরা মৃত্যুকে এড়ানো যেতে পারে; তেমনই মুক্তিও পাওয়া যেতে পারে। কিন্তু এই মুক্তি কামনার মধ্যে সংসারকে উপেক্ষা করবার কথা নেই। এই ভব- রঙ্গমঞ্চে থেকে, এর সর্ববিধ বৈশিষ্ট্যের মধ্যে জড়িত থেকেও মন যেন সর্বদা মাতার চরণে নিবদ্ধ থাকে- এটাই জননীর নিকট ভক্ত পুত্রের চিরন্তন আকুতি। মোক্ষলাভ বা ইন্দ্রত্বপদকবির প্রার্থনীয় নয়, কেবল ভক্তি- বিশুদ্ধ পবিত্র ভক্তিই শাক্ত কবিদের আকাঙ্ক্ষার বিষয়- "মা, না করি নির্বাণে আশ, না চাহি স্বর্গাদিবাস,/ নিরখি চরণদুটি হৃদয়ে রাখিয়ে।" তাই 'ভক্তের আকুতি' কেবল ভক্তের 'আকুতি' মাত্র নয়; এর সূচনা আসক্তির আত্মসমালোচনায়, সমাপ্তি অনন্যোপায় মাতৃপদের বিলীনতার 'আকুতি'তে।

অষ্টাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধ থেকে শুরু হয় শাক্ত পদাবলির জয়যাত্রা। নবাবী কুশাসন, দস্যুর উপদ্রব এবং তার ফলে নিদারুণ আর্থিক ক্ষয় ছিল তৎকালীন বাংলাদেশের দৈনন্দিন চিত্র। আর সেই কারণে ধর্মমূলক এই সঙ্গীতগুলিতেও শাক্তকবিগণের হৃদয়েও আত্যন্তিক দুঃখ, গভীর বঞ্চনার প্রকাশও মাধুর্যমন্ডিত রূপ লাভ করেছে। 'বাল্যলীলা', 'আগমনী ও বিজয়া' শীর্ষক পদগুলিতে বাংসল্যরসের যে প্রস্রবণ প্রবাহিত হয়েছে, জনক- জননী- দুহিতার স্নেহ, মান, অভিমানের প্রকাশ যেভাবে ঘটেছে তার সঙ্গে প্রত্যক্ষভাবে ধর্মের যোগ না থাকলেও 'ভক্তের আকুতি' পর্যায়ে শাক্ত কবিগণ তাঁদের আধ্যাত্মিক আকুতির সঙ্গে ইহলৌকিক দুঃখ বেদনার কথাও যুক্ত করে দিলেন। অষ্টাদশ শতকের মধ্যবিত্ত, নিম্নবিত্ত, স্বল্পায়ী দরিদ্র সাধারণ মানুষ যেখানে জীবনের প্রাত্যহিক ক্লেশের অনির্দেশ্যজালে ক্রমশ জড়িয়ে পড়েছে, সেই সংকীর্ণ মায়াপাশবদ্ধ কষ্টকর স্বাচ্ছন্দ্যবর্জিত দিনযাপনের দুঃখই 'ভক্তের আকুতি' জাতীয় পদের সাধারণ পটভূমিকা। একটি মর্মান্তিক দুঃখকে মর্মভেদী করার জন্যই এত রূপক সন্ধান, এত সাদৃশ্যের নৈপুণ্য। সুতরাং বলা যায় যে, স্নেহ-ভালবাসা-ভক্তি প্রভৃতি বিষয়গুলি জীবনের প্রাত্যহিক সংসার যাতনা, দৈন্য দুর্দশাকে ভিত্তি করে শাক্ত পদাবলির কাব্য সামগ্রীতে পরিণত হয়েছে।

সহায়ক গ্রন্থপঞ্জী:

১. শ্রী ব্রজেন্দ্রনাথ ভট্টাচার্য, 'শাক্তপদাবলি পরিক্রমা', কথা ও কাহিনী, ১৩ বঙ্কিম চ্যাটার্জি স্ট্রিট কলকাতা- ৭৩
২. শ্রী ব্রজেন্দ্রনাথ ভট্টাচার্য, 'শাক্ত পদাবলি সাধনতত্ত্ব ও কাব্য বিশ্লেষণ', হাউস অব বুকস্, ৭২ মহাত্মা গান্ধী রোড (হারিসন রোড) কলকাতা- ৯
৩. শ্রী শশিভূষণ দাশগুপ্ত, 'ভারতের শক্তিসাধনা ও শাক্তসাহিত্য', সাহিত্য সংসদ, ৩১ এ, আচার্য প্রফুল্ল চন্দ্র রোড কলকাতা- ৯
৪. শ্রী জাহ্নবী কুমার চক্রবর্তী, 'শাক্ত পদাবলি ও শক্তি সাধনা', ডি. এম. লাইব্রেরি, ৪২ কর্ণওয়ালিশ স্ট্রীট কলকাতা - ৬
৫. শ্রী অমরেন্দ্র রায় (সম্পাদিত), 'শাক্ত পদাবলি (চয়ন)', কলিকাতা বিশ্ববিদ্যালয়, ১৯৬২

Loss of Identity and Citizenship: Widows and Migrant Experience in Two Partition Texts in Translation

Dr. Paramita Halder

Associate Professor, Department of English



Two Partition texts to understand the struggles of women, widows, single, aged and without male companion during Partition and their plights and destitutions as a fallout of forced migration.

ABSTRACT

The Partition of India is one most cataclysmic event in the subcontinent's history, with massive long drawn impacts, affecting the mass with unprecedented hardships. The migration across the borders of the severed state is the largest in human history. People abandoned their acreages and homes, driven by the fear of persecution of being minority in their own land, the place which has been theirs since generations being suddenly rendered alien, foreign, and not theirs anymore. Fraught with distress, hounded by those they considered friends and neighbours, millions fled in the hope of an ostensible safe haven and an equally irresolute future. Decades after the eventuality, people feel the need of finding these stories, the stories of pain, loss, sufferings, of struggle, of survivals, of trauma and sometimes of triumphs; not because this is a new area of research, but as the stories, half told and half suppressed, remain entrenched in the family histories, the pain never totally buried, tangible in the stories of parents and grandparents, the human account crying out to be voiced. The oeuvre is steadily broadening and constantly unfolding to transcend political and communal histories, counting the human history. In this paper, pertaining to the ambit of the volume, I will read two Partition texts to understand the struggles of women, widows, single, aged and without male companion during Partition and their plights and destitutions as a fallout of forced migration. One is 'The Marooned' by Protiva Basu and the second one being 'Dhirendu Majumder's Mother' by Lalithambika Antharajnam. The first text chronicles the plight of widowed, aged Bindubasini as she migrates to India from the newly formed East India in 1947. The second tale tells the story of Shanti Devi as she is forcibly ousted from Bangladesh and migrates to India in 1971, during the Bangladesh Liberation War. These two evocative tales make the utter helplessness of the single aged woman, dispensable by the society, palpable to the readers. They also raise pertinent questions relating to these women's identity and citizenship.

Key Words:

partition, migration, women, widows, identity, trauma, Citizenship.

PAPER:

In the Indian sub-continent's history, the refugee struggles have remained interlaced with the struggles of the new nation, shaped urban settlements, academic compass, women empowerment and economic scenario of the nation affected, nations created. In the dearth of documented mainstream history, oral narratives are uncovered, told and listened to. Partition literature, stories, novels, poems and memoirs are written and read to grasp the human saga. As human experiences differ, there are different ways to look into the entirety of the migrant experience, though none can be studied in isolation from the rest. As new approaches, new tales, memoirs and oral narratives



Most of the lost stories are the stories of women, the most vulnerable, helpless and preyed upon lot. The persecution of women during war or any civil unrest is now a well-researched area. Women in Partition, identified as objects on which the nationalist ethos are inscribed, marked as totems of societal pride, became sites for patriarchal constraint and violence, swept in multiple victimization.

unfold, it is understood that the lived experiences of hardships and trauma for the migrants vary. Each is unique, though part of the whole canvas. These stories of struggles and survivals, the sagas of strivings, not only to secure safety, shelter and livelihood but also to regain lost dignity, have cathartic value. They are virtuous stories, stories we want to hear and be inspired by. But there are other stories, stories of un-fulfillments, of shattered dreams, of people lost, never to be traced again or found; stories of loss of dignity and self-worth, not to be regained, of abject poverty and destitution. The survivors can tell their stories; the dead, the lost cannot.

Most of the lost stories are the stories of women, the most vulnerable, helpless and preyed upon lot. The persecution of women during war or any civil unrest is now a well-researched area. Women in Partition, identified as objects on which the nationalist ethos are inscribed, marked as totems of societal pride, became sites for patriarchal constraint and violence, swept in multiple victimization. The abducted and draped girls, girls married to men of rival communities, precluded by kin, became victims of long-standing ethos of patriarchy; the hypocrisy and bigotry inherent to state policies and the ambiguity even of the rehabilitation drives became apparent as these women were rendered objects, to be put claims on. These were girls, young, sexually fecund, capable of procreating. As war loots, they were jostled between the warring communities and sometimes across borders. Their individual voices were unheard, choices thwarted and agency ignored. Yet, there is a more unknown second group, albeit smaller; the old, hapless and apparently useless whom nobody wanted; they were not objects to be put claims on but objects to be rejected everywhere.

Protiva Basu's 'Marooned', translated from the Bengali short story 'Dukulhara', is set during partition and narrates the migrant experience of an elderly widow, Bindubashini, her daughter-in-law and two granddaughters. Belonging to a zaminder family and owning an estate allowed Bindubashini means of sustenance for herself and her family of four women but patriarchy did not consent her or her widowed daughter-in-law any freedom or agency. They were always overshadowed and dejected by an absence, the absence of a male member in their family. Guardian-less, they felt unprotected and helpless. Partition and forced migration which rendered millions helpless were definitely looming and palpable realities at that time for all, became doubly disadvantageous and oppressive in the life of these two widows. The story begins with terror and rumours of impending doom as the country was divided in three, India, East Pakistan and West Pakistan. Incidents of communal hatred became rampant. Bengal being divided in two, Bindubashini's home and estate fell in East Pakistan. The fear of persecution of being a minority terrified her. 'She was told that something called 'passport' was being introduced and after that no one would be allowed to leave East Pakistan for Hindustan. All the Hindus here would be massacred, just like in Jalianwallabag.' (The Marooned, 157). The Jaliwanwallabag massacre remained a benchmark of extreme brutality of the colonizer. It is both ironic and sad that the terror lived on amongst the colonized whose collective effort of ousting the foreign rule and the dream of consolidating a liberated and terror free nation failed as they could not harness harmony and faith amongst themselves. The decision of migration was hard. Bindubashini's last attempt of consolidating the support of her Muslim tenants failed. People who were till then her protectors and associates could not guarantee her safety as it is not religion but the voracity for power and money which formed stronger allies in crime. Zamir, the most loyal of Bindubashini's protectors failed to give the former any assurance of security and implored them to leave. Zamir's apprehension of the possible sexual violation

of the young women of the household and that at any cost, their honour should be preserved, again signifies how woman's sexuality has been the metaphor for unviolated family honour, for the purity of one community aka nation. It is the obsession with this purity which triggers the belief that fatal invasion of that sacred space is the ultimate sacrilege, much worse than death or destitution, the wounding of not only the self but also of the honour, sanctity and integrity of her entire community and the resulted panic to cross the border. Bindubashini started her journey with her daughter in law and two grand-daughters, 'Across the vast fields the government has arranged for two ropes to be stretched from one end to another, serving as a passage. The children and pregnant women got crushed in the crowd, trunks on people's head, some clawed at the female bodies in the crowd, some picked pockets, taking away the meagre cash one carried for the road. Amidst all these chaos, undergoing indescribable suffering for two days, Bindubashini left Pakistan and set foot on the soil of Hindustan, half dead.' (159) There was no respite even reaching the soil of Hindustan, as they were bossed and hounded by hooligans. Dazed and distracted, they took refuge in a mango orchard. The sheer helplessness and utter ignominy of these wretched souls are tangible in the redolent narrative as it describes how the refugees put down their ragged mattresses, quilts, luggage and their meagre belongings in the orchard to have a momentary respite. Bindubashini also puts down their trunk while her granddaughters sobbed uncontrollably, her daughter in law moaned, "I can't take this any longer, mother." "This is only the beginning" Bindubashini replied with a sigh. (161) She has lost everything, all earthly possessions with the hope of retaining that one valuable ephemeral entity, the honour of the girls, her thoughts indicative of the collective creed of making the sexuality of the girls the ultimate protected prized thing to be preserved at any cost. Both Bindubashini's dread and hope reinforce this, 'Let them take everything, but at least spare us, let our honour be intact. Once we are given a shelter among the Hindus, there will be no more fear. There will be so many volunteers, so many charitable organizations all around. The gloom of fear will be lifted as soon as we reach the safety of Hindustan.' (162) Yet, eventually that could not be safe guarded even though she reached the desired province as her daughter-in-law, Uttara and her elder grand-daughter Mrinalini fell prey to pimp Satyananda, who under the guise of a sadhu runs a dubious ashrama, a refuge for helpless women. In reality, he under the garb of running a charitable institution for destitute girls, runs a flesh trade. It is understandable that it is not only poverty but cultural context which is responsible for this outcome. The very fact that Bindubashini and Uttara, the two single widowed women are deprived of their social credibility and economic agency in patriarchy, impacted their self-esteem and made them so vulnerable. They were too unworldly, too eager to depend on a male father figure, which they thought they have found in Satyananda. They didn't question the man's credibility as women were not taught to do so in patriarchy. Satyananda runs a home for destitute women, 'Abalabandhab Samiti', the name translates into 'Organisation of Helpless Women'. Abala is almost a synonym of woman in Bengali. Many girls were named Abala at one time and it means helpless, the antonym being 'sabala' meaning strong and self-sufficient; the antonym being there but it is an unlikely name for a girl. The conspiracy and the psychological manipulations inherent to patriarchy are thus nuanced at many levels in Basu's text. Satyananda could act the ostensible big brother and trick the women very easily in this set-up. Bindubashini's hope to secure safety amongst whom she believed her own brethren failed, as yet again it is never religion but greed which makes stronger allies in crime. Bindubashini, an elderly frail lady is not only useless but also repugnant in this set-up. So, she is dispensed with. At the end of the story, she is killed with a shove from a moving car. Basu's story gives a disquieting account of women's exploitation at multiple level. In the turbulent history of the construction of nation states, these hapless women lost everything, their land, home, citizenship in the country they were born in, their self-respect and dignity, dream of anchoring some safety and security in a free state and ultimately life. The original title of the story 'Dukulhara' roughly translates into the loss of both the banks of a river, when a person loses everything and is drowning, unable to anchor on any side. This in between state is inherently essential in female identity in patriarchy. Nira Yuval Davis surmises the universal problem of women's identity in nationalist disquisition, 'Women are often required to carry the 'burden of representa-

The story begins with terror and rumours of impending doom as the country was divided in three, India, East Pakistan and West Pakistan. Incidents of communal hatred became rampant. Bengal being divided in two, Bindubashini's home and estate fell in East Pakistan.



This tale also raises the two very pertinent points, the first being the problems of deification of women in society, ... the second being the question of citizenship, forced migration and its fall-out.

tion' as they are constructed as the symbolic bearers of the collectivity's identity and honour, both personally and collectively.' (29) The identity of woman has however always been dissembled between that of an 'object' or an 'abject'. Their identity is constantly constructed within the trope of either an object of desire and exploitation by man, society and culture that are essentially phallogocentric in nature or that of an 'abject', the impure and the unnecessary other. In Basu's text, the women also vacillate in between these two constructions. Uttara and Milu fit into the object trope, suitable and utilitarian for their sexuality and economic agency while Bindubasini is the ultimate abject, the useless, appalling one. According to Julia Kristeva, the abject represents the threat to the standard order of things. It has to do with "what disturbs identity, system, order. What does not respect borders, positions, rules" (The Power of Horror, 4). Likewise, the old useless women who cannot be appropriated for their sexuality or labour in the given edict of society, are abjects. They threaten to jeopardise the apparently normal collective identity. The exploitive order of society, does not know where to place them and their rejection is essential to define and defend the boundaries of identity -personal, collective and social. As the subcontinent has been till recent time a prominent site for human trafficking, forced sexual exploitation of women for commercial gains remain a rampant menace in the countries' crime history. The forced migration, exposition and vulnerability facilitate the exploitation of women and children as they fall prey to coercion and deceit. In the context of human trafficking in India and its neighbouring states, a survey states, 'Migrants are most vulnerable to abuse and exploitation in situations and places where the authority of the State and society is unable to protect them, either through lack of capacity, applicable laws or simple neglect. For example, migrants are highly vulnerable when fleeing situations of violence and conflict, where the State has effectively broken down and society itself is in crisis.' (*Migrants and their Vulnerability*, 10) The migrant experience especially in disadvantageous groups, economic and sexual, being acted out in a continuous flux across borders of nation states, thus find true resonance in Indian partition tales.

The destitution of elderly women during Partition and in the resulting migration is further codified in the short story (Original in Malayalam), "The Mother of Dhirendu Majumder" by Lalithambika Antharjanam. This tale also raises the two very pertinent points, the first being the problems of deification of women in society, how it got translated in the nationalist discourse and how ironically the state failed to protect its daughters and mothers in the wake of communal riots and the resulting mass exodus; the second being the question of citizenship, forced migration and its fall-out. The protagonist who is addressed to as Dhirendu Majumder's mother stands for the self-sacrificing stately mother figure who sacrifices her sons to free her people from the bondages of British rule. She, herself, after spending almost her entire life in 'antahpur', the purdah inner sanctum of a conservative zaminder household, came out in public space to show solidarity to the freedom movement. The narrative is woven around mother-nation trope, the idea upon which one most important discourse of Indian nationalism was constructed. Antharjanam's story is woven around real characters and incidents of Indian nationalist movement and one nuanced literary instance is provided in the dialogue between Dhirendu Majumder, a freedom fighter and disciple of Surya Sen (more popularly known as Master-Da, one of the eminent leaders of Bengal's freedom movement) and her mother. The mother, Shanti Devi implores her son not to verge on the dangerous path of freedom struggle but Dhiren, in an inspiring heart wrenching rhetoric convinces her, 'No, my mother. This country is composed of the hearts of crores and crores of mothers like you. All of them feel pain; all of them are anxious and in tears. If I am to die for this grief-stricken motherland, my mother should smile and sing *Vande*

The narrative takes the readers to one of the most turbulent as well as valiant period of the nation's history but it also calls attention to this problem of women's identity in patriarchy and its inevitable fallouts.

Mataram. Promise me mother that you will smile.' (516) Dhiren's fervent speech underscores how the ground upon which the nexus among women and nationalism is based is the view that the women are symbols of the inviolate country crying out for preservation of its sanctity and safety. This is however not a unique occurrence. Women bear this burden of representation all over the globe, throughout history. Claudia Koontz quotes the different mottoes which were given to girls and boys in the Hitler youth movement. For girls it was 'be faithful; be pure; be German.' For boys, 'live faithfully; fight bravely; die laughingly.' The national duties of the boys were to live and die for the nation; girls did not need to act. They had to become the national embodiment. (196) She writes, 'A figure of a woman, often a mother, symbolizes in many cultures the spirit of the collectivity, whether it is Mother Ireland, Mother Russia or Mother India.' (29) This image of the nation as a female form, especially that of a motherland recurs in Antharjanam's story which in turn gives a cue to the issue of deification of the woman in society. The narrative takes the readers to one of the most turbulent as well as valiant period of the nation's history but it also calls attention to this problem of women's identity in patriarchy and its inevitable fallouts. Antharjanam continuously places the mother of Dhirendu Mazumder in the 'woman as nation' paradigm and points to the tragic irony that freedom, which was considered as the greatest dream of the freedom fighters in order to end the cruelty and arrogance with which outrageous power often treat the weak and ingenious mass and their endeavour to consolidate mass sentiment by projecting the land as a mother figure fell through as the women of the land and real mothers and daughters were violated, raped, killed and rendered destitute, beggars in the newly freed countries. In many partition texts, the 'fallen' women thus become symbolic representations of the nation. The mother of Dhirendu Mazumder is not sexually desecrated, rather her body's place in the world is eventually violated as after Partition, she is ousted from her home, her Bengal and sent to the truncated new India. She becomes a refugee, a beggar woman on the streets of Calcutta.

This eventuality calls to attention, the second most valid point that Antharjanam's text raises, the question of citizenship of these women and the physical as well as psychological consequences of their forced migration. As Shanti Majumder introduces herself in her story, the lineage and history of her and her family become apparent, 'My name is Shanti Majumdar. I am ninety tears old. Born and brought up in a small hamlet in East Bengal. Gave birth to nine children – seven boys and two girls. Five I sacrificed for India, four for Pakistan. Adopted all the children of the new generation as my children and grandchildren, I wanted to die on that soil and became part of it.' (511) Shantidevi believes and staunchly adheres to her identity as a citizen of a free nation; even as this nation is divided she remains rooted to her soil, which her entire generation fought and died for. But she is denied citizenship in the free country, her children sacrificed their life for. The handbook of United Nations High Commissioner for Refugees states that 'Citizenship is a fundamental element of human security. As well as providing people with a sense of belonging and identity, it entitles the individual to the protection of the state and provides a legal basis for the exercise of many civil and political rights.' (Statelessness and citizenship, 2) The victims of forced migration are not only denied these civil and political rights, but they are denied their root and basic identity. This places a person not only in the physical border drawn between the states, but at the border of sanity and insane. Of course it makes one remember the oeuvre of partition texts which evoke the trauma, the emotional impact of the partition and migration. Shanti Devi in this tale is apparently coherent in her lament but she is now in the streets of Calcutta as a beggar and her long eulogies about the glory of her past underscores her frayed psychological state. The UNHCR Handbook also states that 'Nationality is not granted indiscriminately, but is generally based upon factors such as a person's place of birth, parentage, or the relationship they have established with a state through long-term residence there. In legal terms, such ties provide the 'genuine effective link' between the individual and the state. For the vast majority of people around the world, that link is easily established and readily acknowledged by the authorities of the state concerned. (2)

it can be understood that this link is established not only on the tangible physical entities like land, property, people but more resolutely in psychological plane. During forced migration as the state fails to ensure people's trust, major physical as well as psychological trauma result. Jenny Edkins explains that trauma arises from such a sense of betrayal – a shattering of certainty about the set order of things, “It seems that to be called traumatic – to produce what are seen as symptoms of trauma – an event has to be more than just a situation of utter powerlessness. In an important sense, it has to entail something else. It has to involve a betrayal of trust as well.” (Edkins. 4) In ‘Dhirendu Majumder’s Mother’, like in many other such tales, the protagonist fails to find any logic, power, or moral force outside her birth place, the land where and for which her entire family lived and died. Her ousting from her homeland is a betrayal of trust, trust she put on her people, the public figures, the leaders whom she directly questions in her rhetoric. Characters in the discussed partition narratives have different stories to tell yet each individual story codifies and makes apparent, how in one of the most turbulent history of the subcontinent, women's bodies become warring sites, their persecution operates in multiple levels and how the tearing apart of the fabric of the normal life deprive them of home and hearth. In the tales of their migration across the border, the saga of the pain and loss and often of the wiping away of an entire generation is thus entrenched.


Works Cited:

- Antharjanam, Lalithambika. “The Mother of Dhirendu Majumder”. *Stories about the Partition of India*, edited by Alok Bhalla, Harper Collins, 1999.
- Basu, Protiva. ‘The Marooned’. *The Other Voice: Selected Short Stories Written by Bengali Women Writers*. Edited by Tapati Gupta and Anil Acharya. Anustup, 2011.
- David, Fiona, Katharine Bryant and Jacqueline Joudo Larsen. *Migrants and their Vulnerability to Human Trafficking Modern Slavery and Forced Labour*. 2019. https://publications.iom.int/system/files/pdf/migrants_and_their_vulnerability.pdf
- Davis, Nira Yuval and Floya Anthias, editors. *Woman-Nation-State*. Macmillan, 1989.
- Edkins, Jenny. *Trauma and the Memory of Politics*. Cambridge UP. 2003.
- Koontz, Claudia. *Mothers in the Fatherland: Women, the Family and Nazi Politics*, London, Routledge, 1986.
- Kristeva, Julia. *Powers of Horror: An Essay on Abjection*. Translated by Leon S. Roudiez. Columbia UP, 1992.
- ‘Statelessness and citizenship’. *The State of the World’s Refugees 1997: A Humanitarian Agenda*. UNHCR <https://www.unhcr.org/3eb7ba7d4.pdf>

বেণিমাধব: আপোসে আর সংগ্রামে মুখর শিল্পী

শুভেন্দু দাশমুঙ্গী

সহকারী অধ্যাপক, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ



ইতিহাস থেকে এই চরিত্রকে গ্রহণ করেছেন নাট্যকার উৎপল দত্ত, কিন্তু চরিত্রটি নিজে ঐতিহাসিক নয়। তার মধ্যে উনিশ শতকের গিরিশচন্দ্র ঘোষের ছায়া যেমন আছে, তেমনই রয়েছে বিংশ শতাব্দীর স্বয়ং উৎপল দত্তেরও প্রতিবিম্ব।

বাংলা নাটকের উল্লেখযোগ্য দশটি চরিত্রের কথা আলোচনা করতে হলে অবশ্যই তার মধ্যে অন্যতম প্রধান চরিত্র হিসেবে উঠে আসবে 'টিনের তলোয়ার' নাটকের নায়ক চরিত্র বেণিমাধব চাটুজ্জের নাম। বেণিমাধব নাট্যাভিনেতা, নাট্যনির্দেশক, উনিশ শতকের নাট্য আন্দোলনের অন্যতম প্রধান এক হোতা। ইতিহাস থেকে এই চরিত্রকে গ্রহণ করেছেন নাট্যকার উৎপল দত্ত, কিন্তু চরিত্রটি নিজে ঐতিহাসিক নয়। তার মধ্যে উনিশ শতকের গিরিশচন্দ্র ঘোষের ছায়া যেমন আছে, তেমনই রয়েছে বিংশ শতাব্দীর স্বয়ং উৎপল দত্তেরও প্রতিবিম্ব। বেণিমাধব একভাবে যেন নাট্যকার উৎপল দত্তের এক অল্টার ইগো। নিজের পরিপার্শ্বের সঙ্গে একজন শিল্পীর প্রতি মূর্ত্তের সংগ্রাম, একদিকে নাটকের প্রতি দায়বদ্ধতা অন্যদিকে নিজের সময়ের প্রতি দায়বদ্ধতার মাঝখানে একজন শিল্পীর অবিরাম যে টানা পোড়েন, তা যেন একেবারে মূর্ত হয়ে উঠেছে এই নাটকের বেণিমাধব চরিত্রের মাধ্যমে। অত্যন্ত জটিল একটি চরিত্র বেণিমাধব। কখনো মনে হয় তার মধ্যে বুঝি রয়েছে স্বার্থপরতা, কখনো মনে হয় সে অত্যন্ত আত্মকেন্দ্রিক আবার কখনো মনে হয় শিল্পের প্রতি তার একনিষ্ঠ আবেগের কাছে সে কত সহজে সমস্ত বিষয়কে তুচ্ছ করতে পারে। একদিকে বেণিমাধব নাট্যশিল্পী, সেখানে তিনি একাধারে নাট্যসংগঠক, নাট্যনির্দেশক আর নাট্যাভিনেতা; অন্যদিকে তাঁর চরিত্রের সবচেয়ে সূক্ষ্ম দিকটি হল এই নাট্য-উদ্যোগ সফল করতে তাঁর দায়বদ্ধতা কোথায়? তাঁর দায়বদ্ধতা কি নাটকের শিল্পরূপের কাছে? নাকি তাঁর দায়বদ্ধতা নাটকের বাণিজ্যিক সাফল্যের কাছে? নাটককে তিনি কী ভাবে দেখেন? নাটক কি তাঁর কাছে একটি বাণিজ্যিক উদ্যোগমাত্র, যা থেকে গ্রাসাচ্ছাদন হতে পারে? নাকি নাটককে তিনি দেখতে চান সময়ের এক উজ্জ্বল প্রতিফলন হিসেবে? তাঁর নাটক কি সমকালের কথা বলতে গিয়ে প্রতিবাদী হয়ে উঠবে, নাকি তাঁর নাটক শাসকের রক্তচক্ষুকে মেনে নিয়ে লঘু-চপল-চটুল নাট্যচর্চায় নিজেকে সীমাবদ্ধ রাখবে? তাঁর কাছে নাটক একটি সংগ্রামের উপকরণ, নাকি প্রয়োজনমাত্রিক আপোসের রফায় নিশ্চেষ্ট হয়ে বসে থাকার মতো তাঁর সমস্ত উদ্যোগ? নাটকের প্রতি দায়বদ্ধতা কি তাঁকে আত্মকেন্দ্রিক করে তুলেছে, নাকি সহৃদয় অন্যের প্রতিও? এই বিবিধ দ্বন্দ্বের মধ্যেই বস্তু মূর্ত হয়ে ওঠে 'টিনের তলোয়ার' নাটকের বেণিমাধব চরিত্রটি। ফলে এই চরিত্রটির গভীর বিশ্লেষণে আমাদের সামনে মুখ্য প্রশ্ন চারটি।

১। নাট্য-উদ্যোগ সফল করতে তাঁর দায়বদ্ধতা কি শিল্পরূপের কাছে, নাকি বাণিজ্যিক সাফল্যের কাছে?

২। নাটক কি তাঁর কাছে বাণিজ্যিক উদ্যোগমাত্র, নাকি তা হবে সময়ের উজ্জ্বল প্রতিফলন?

৩। নাটক কি সংগ্রামের উপকরণ নাকি তিনি আপোসপন্থী?

৪। নাটকের প্রতি দায়বদ্ধতায় তিনি আত্মকেন্দ্রিক নাকি সহৃদয়?

এই বিবিধ বিপরীতমুখী প্রশ্নগুলির সমাধানের ভিতর থেকেই আমরা বেণিমাধব চরিত্রটির গভীর দিকটি বুঝে উঠতে সচেষ্ট হব। তবে সেই প্রশ্নে পৌঁছবার পূর্বে লক্ষ্য করা দরকার, বেণিমাধব চরিত্রের সাধারণ লক্ষণগুলি।

বেণিমাধব বেঙ্গল অপেরার নাট্য নির্দেশক। নাট্যক্ষেত্রে তিনি সমধিক পরিচিত কাণ্ডনবাবু নামে। নাট্যাভিনেতা হিসেবে তিনি সফল। তাঁর সেই সাফল্য তাঁর মধ্যে এনেছে শিল্পীর অহংকার। তিনি নিজের শিল্পসৃজনকে বলেন, বিশ্বকর্মার সৃষ্টি। সত্যই রঙ্গমঞ্চে তাঁর নির্দেশেই তো তৈরি হয়ে ওঠে এক নতুন পৃথিবী। যে কারণে নাটক নিজেই এক নতুন বাস্তবতা। সেই বাস্তবতার সৃজনকর্তা তিনি স্বয়ং। তিনি এই শিল্পসৃজনের অহমিকায় অন্যকে নিয়ে ব্যঙ্গ করেন। না-পড়েই নব্য নাট্যকার প্রিয়নাথের সম্ভাবনাময় নাটকটিকে বাতিল করে দেন। অথচ, এই উদ্ধৃত স্বভাবের মানুষটিই আবার নাট্যদলের স্বত্বাধিকারী বীরকৃষ্ণ দাঁয়ের সমস্ত মূর্খতা সত্ত্বেও তার সামনে কোনো প্রতিবাদ করেন না, তাঁকে নিয়ে ইঙ্গিতে ব্যঙ্গ করেন, কিন্তু প্রকাশ্যে তাঁকে কিছুতেই তার ভুলটা চোখে আঙুল দিয়ে দেখিয়ে দেন না। তিনি এমনকি বীরকৃষ্ণের শ্রেণিস্বার্থ লঙ্ঘিত হয়ে-ধরনের নাটকে, সেই নাটকের অভিনয় নিয়ে বীরকৃষ্ণ আপত্তি করলে, নিজেই সে নাটক বন্ধও করে দেন। ঠিক সেইভাবেই সরকারের বিরুদ্ধাচরণ করে কোনো প্রতিবাদের নাটক লেখা হলে, তার অভিনয়ও নিজেই মাঝপথে থামিয়ে দিতে এতটুকু কুণ্ঠিত হয় না। এই আশ্চর্য বৈপরীত্যে তৈরি এই বেণিমাধব চরিত্রটি, একই সঙ্গে অহংকারী আবার যেন- ভীরু। চরিত্রটি অন্যদের প্রতি রুক্ষ হলেও আশ্চর্যভাবে ক্ষমতামূল্য মানুষের কাছে নিশ্চুপ, প্রতিবাদহীন। নাট্যশেষে দেখা যাবে, নিজের নাট্যদলের নিজস্ব নাট্যমঞ্চ লাভের জন্য, নিজের নাট্যদলের অভিনেত্রীর জীবনে চরম সর্বনাশ ডেকে আনতেও তিনি পিছ-পা হন না। আপাতদৃষ্টিতে বেণিমাধব এক অদ্ভুত চরিত্রের মানুষ। তাঁর এই অদ্ভুত চরিত্রের গভীরে লুকিয়ে আছে ঊনবিংশ শতাব্দীর বাংলা নাটকের ইতিহাস। এক আশ্চর্য দক্ষতায় নাট্যকার উৎপল দত্ত বেণিমাধব চরিত্রটির সঙ্গে মিশিয়ে দিয়েছেন সেকালের পেশাদারি রঙ্গমঞ্চের ইতিবৃত্তকে। এখানেই একটি চরিত্র নাটকে কেবল একটি চরিত্র হয়ে থাকেনি, চরিত্রটি হয়ে উঠেছে এক বিশেষ সময়ের এক অপ্রতিদ্বন্দ্বী প্রতিভা। কাণ্ডনবাবু চরিত্রের সেই অভ্যন্তরীণ সত্যটি উন্মোচন করার জন্যই সন্ধান করতে হবে প্রাগুক্ত ওই প্রশ্ন চতুষ্টয়ের।

২

বেণিমাধব বা কাণ্ডনবাবুর চরিত্রের সাধারণ এই সকল দিকগুলির আলোচনার পরে এইবারে বেণিমাধবের চরিত্রটির অভ্যন্তরীণ জিজ্ঞাসার গভীরতর দ্বন্দ্বগুলিকে অনুধাবন করার দিকে অগ্রসর হওয়া দরকার।

প্রশ্ন-১। নাট্য-উদ্যোগ সফল করতে তাঁর দায়বদ্ধতা কি শিল্পরূপের কাছে, নাকি বাণিজ্যিক সাফল্যের কাছে?

বেণিমাধব চাটুজে বেঙ্গল অপেরার নাট্যনির্দেশক। বেঙ্গল অপেরা পেশাদারি রঙ্গালয়। বাংলা নাটকের ইতিহাসের সূত্রে, মনে রাখা দরকার এই নাটকের পটভূমি ১৯৭৫ সাল। অর্থাৎ, ১৮৭২ সালে বাংলা সাধারণ রঙ্গালয়ের সূচনার সমকালীন এই নাটকের ঘটনাবৃত্ত। জমিদারি বা সেকালের বাবুদের উদ্যোগে আয়োজিত শৌখিন নাট্যচর্চার পরবর্তী পর্যায়ে এই সাধারণ রঙ্গালয় অনেকগুলি বিষয়কে বাংলার ইতিহাসে উন্মুক্ত করেছিল। প্রথমত, এর আগে শৌখিন নাট্যচর্চা মুখ্যত ছিল ধনাঢ্য ব্যক্তির উঠোনে সীমাবদ্ধ। নাটকমাত্রই একটি ব্যয়বহুল শিল্পমাধ্যম। তার পোশাক থেকে আলোক, মঞ্চসজ্জা থেকে সংগীত- আয়োজন সবই বিশেষভাবে ব্যয়বহুল। শৌখিন নাট্যচর্চার আসরে,



আপাতদৃষ্টিতে বেণিমাধবের অদ্ভুত চরিত্রের
গভীরে লুকিয়ে আছে উনবিংশ শতাব্দীর
বাংলা নাটকের ইতিহাস।

এক আশ্চর্য দক্ষতায় নাট্যকার উৎপল দত্ত
বেণিমাধব চরিত্রটির সঙ্গে মিশিয়ে দিয়েছেন
সেকালের পেশাদারি রঙ্গমঞ্চের ইতিবৃত্তকে।

এই ব্যয়নির্বাহের দায়িত্বে থাকতেন বাবু বা জমিদার। ফলে, সেখানে সেটা সমস্যা ছিল না। কিন্তু সাধারণ রঙ্গালয়ে এই সমস্ত অর্থ-জোগানের ব্যবস্থা করতে হত নাট্যোদ্যোগী দলকে। এখন এই বিপুল ব্যয়নির্বাহের পরে আয়োজিত নাটকের প্রদর্শন বা শো থেকেই নাট্যদলকে সংগ্রহ করতে হবে অর্থ। সেই অর্থ থেকেই নাট্যশিল্পের সঙ্গে যুক্ত মানুষগুলির গ্রাসাচ্ছাদনও হবে আবার ওই নাট্যদলের পরবর্তী নাটকের জন্য মূলধনও সরিয়ে রাখতে হবে। নাটকের প্রতি সাধারণ মানুষের আগ্রহ লক্ষ্য করে এই নাট্যোদ্যোগের পিছনে অর্থলগ্নি করতে সম্মত হলেন বাংলার ধনিকশ্রেণি। বিভিন্ন ব্যবসা বাণিজ্যের মাধ্যমে যাঁদের হাতে বেশ কিছু টাকা জমেছে, সেই গোষ্ঠীর মানুষের কাছে এই নাটক একটা নতুন লাভদায়ক ব্যবসার পথ খুলে দিল। এই গোষ্ঠীর মানুষরাই হলেন এইসব নাট্যদলের মূল মালিক বা স্বত্বাধিকারী। বাংলা সাধারণ রঙ্গালয়ের এই পটভূমিটি বুঝলে পরেই বেণিমাধব চরিত্রটিকে বোঝার সুবিধা হবে।

বেণিমাধব মূলত নাট্যশিল্পী। তাঁর অভিনয়ের শুরু, তাঁর সংলাপ থেকেই বোঝা যায়, শৌখিন নাট্যচর্চার পর্বে। সেই সময়ে তিনি যাত্রাদলে অভিনয় করতেন। তিনি প্রথম থেকেই খ্যাতনামা নাট্যাভিনেতা হিসেবে সুপরিচিত। তাঁর কথা থেকেই বোঝা যায়, সেকালের ইংরাজি সংবাদপত্রে তিনি বাংলার গ্যারিক নামে প্রসিদ্ধি অর্জনও করেছিলেন। এই বেণিমাধব বেঙ্গল অপেরার নাট্যনির্দেশক হিসেবে শুধু আর অভিনেতা নেই, তিনি নাট্যনির্দেশকও বটে। তিনি এই পেশাদারি নাট্যদলের প্রধান মুখ, অভিভাবকস্থানীয়। তাঁকেই নির্বাচন করতে হয় নাটক, তাঁকেই তার অভিনয়ের ব্যবস্থা করতে হয়, তাঁকেই তা শেখাতে হয়, তাঁকেই নাট্যদলের স্বত্বাধিকারী বীরকৃষ্ণ দাঁয়ের থেকে এই নাটকের জন্য প্রয়োজনীয় অর্থলগ্নির ব্যবস্থা করতে হয়, তাঁকেই বাংলার মানুষের কাছে এই নাটককে উপস্থাপিত করতে হয়। তাঁকেই স্মরণে রাখতে হয় নাটকটি কোন কোন শিল্পগুণে সুন্দর হয়ে উঠবে, তাঁকেই মনে রাখতে হয় এই নাটক যাতে মঞ্চসফলও হয়। এই দুটি শর্ত তাঁর কাছে বিভিন্ন দুটি শর্ত নয়, দুটি শর্তই ওতপ্রোত।

বেণিমাধব তাঁর বাস্তব অভিজ্ঞতা থেকে জানেন, নাটক শিল্পগুণে আকর্ষণীয় না হলে দর্শক প্রেক্ষাগৃহে আসবে না। আর দর্শক প্রেক্ষাগৃহে না এলে তা বাণিজ্যসফল হবে না। ফলে এই আর্থিক দায়ভার সম্পূর্ণত নাট্যশিল্পের উপরে এসেই পড়বে। পরবর্তী প্রয়োজনা মঞ্চস্থ করা ক্রমশ কঠিন হয়ে পড়বে। এই বাস্তব পরিস্থিতিকে মান্য করেই তিনি নাটকের যাবতীয় পরিকল্পনা করেন। এই ভাবনায় তাঁর মূল লক্ষ্য নাটকের ধারাটিকে অব্যাহত রাখা। নাট্যশিল্পের অগ্রগতিই তাঁর মুখ্য লক্ষ্য।

প্রশ্ন-২। নাটক কি তাঁর কাছে বাণিজ্যিক উদ্যোগমাত্র, নাকি তা হবে সময়ের উজ্জ্বল প্রতিফলন?

নাট্যমৌদী রুচিমান দর্শক একভাবে নাটককে দেখবেন আর নাট্যশিল্পের সঙ্গে অঙ্গঙ্গিভাবে যুক্ত হয়ে আছেন যিনি তিনি নাটককে একভাবে দেখবেন। এটাই স্বাভাবিক। অথচ, অনেক সময়েই নাট্যশিল্পের বাইরের মানুষ তাঁদের রুচিমানতার নিরাপদ দূরত্ব থেকে, নাটক কেমন হবে, নাটক কীভাবে করা উচিত, তা নিয়ে বিস্তর বাক্যব্যয় করেন।

তারা মনে রাখেন না, নাটকের ভালোমন্দের সঙ্গে যাঁরা নিজেদের ভালোমন্দকে অবিচ্ছিন্ন করে রেখেছেন, তাঁদের নাটকের প্রতি দায়বদ্ধতা অনেক বেশি। এই ভাবনা থেকেই নাটককে বেণিমাধব কোন চোখে দেখে আর নাটককে প্রিয়নাথ মল্লিক কোন চোখে দেখে আর নাটককে বীরকৃষ্ণ দাঁ কোন চোখে দেখে তা স্পষ্ট হতে পারে। বীরকৃষ্ণের কাছে নাটক একটি বাণিজ্যমাত্র। তিনি লাভ-ক্ষতির পাটিগণিত আর নিজের লালসা-নিবারণের স্থূল উপায় ছাড়া আর কোনো অঙ্কেই নাটককে দেখেন না। তাঁর কথা এখানে আপাতত আলোচ্য নয়। কৌতূহলপ্রদ বেণিমাধব আর প্রিয়নাথের দৃষ্টিকোণের স্বতন্ত্র্য।

বেণিমাধব এই নাটককে দেখেন একই সঙ্গে বাণিজ্যিকভাবে আর শিল্পের দৃষ্টিতেও অন্যদিকে নব্যশিক্ষায় শিক্ষিত সমাজ ও সময় সচেতন নাট্যকার প্রিয়নাথ মল্লিক নাটককে দেখেন সময়ের এক বার্তাবাহক হিসেবে। বেণিমাধবও যে সেই ভাবে দেখতে চান না তা নয়, কিন্তু তাঁর মাথায় রয়েছে নাট্যদলকে চালানোর ভাবনাও। তিনি জানেন, একদিন ওই সময়ের কথা বলবার জন্যেও নাট্যচর্চা বিষয়টিকে অব্যাহত রাখা প্রথমেই দরকারি। তিনি নিজের জীবন অভিজ্ঞতা থেকে জানেন, সমকালীন প্রগতিশীল থেকে রক্ষণশীল উভয় শ্রেণির মানুষ আবার তথাকথিত বিদ্বজ্জন থেকে সাধারণ মানুষ সকলের কাছেই নানা কারণে নাট্যচর্চা বিষয়টিই এক বিরোধী-সম্পর্কের বাধায় আক্রান্ত। কেউই তাদের পাশে নেই। নাটক সম্পর্কে ইতর-ভাবনা থেকেই ভদ্রবাড়ির কোনো মেয়ে এখানে সেকালে অভিনয় করতে আসত না, ফলে বেণিমাধবদের মতো মানুষদের সেকালে অভিনেত্রী সংগ্রহ করতে হত কলকাতার গণিকাপল্লি থেকে। এর ফলে, তথাকথিত ভদ্রজন এই উদ্যোগে সামিল মানুষজনকে হীনচোখে দেখত। খবরের কাগজের সম্পাদক থেকে পণ্ডিতবর্গ এই মাধ্যমের প্রতি সদয় নন। ‘টিনের তলোয়ার’ নাটকে এই কারণেই দেখি সংবাদপত্রে এদের নাট্যোদ্যোগকে নিন্দামন্দ করা হয় আবার বাচস্পতির মতো পণ্ডিতরাও পাড়ার মাতব্বরদের নিয়ে পাড়ার রুচি বিঘ্নিত হচ্ছে এই অভিযোগে আক্রমণ করেন বেঙ্গল অপেরার মহলাকক্ষে। তাহলে দাঁড়াল যেটা, মালিকপক্ষ এই টাকা-দেওয়া ছাড়া আর কোনোভাবে এই নাট্যদলের সঙ্গে নেই, রক্ষণশীল বাচস্পতিরও এদের পাশে নেই, এমনকি তথাকথিত আধুনিক শিক্ষায় শিক্ষিত সমবাদপত্র সম্পাদকরাও তাদের বিরোধী। এই সার্বিক বিরোধিতার মাঝখানে বাংলা নাটককে সেই যুগে ধারাবাহিক রাখাটাই ছিল সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ বেণিমাধবদের মতো নাট্যনির্দেশকদের কাছে। এই পরিস্থিতিতে প্রিয়নাথ উপস্থিত করে তার নতুন নাট্যভাবনা। সফল নাট্যশিল্পীর অহমিকায় বেণিমাধব, প্রিয়নাথের লেখা প্রথম নাটক ‘পলাশির যুদ্ধ’ অবশ্য পড়েই দেখেনি। কিন্তু ক্রমশ সে-ও উপলব্ধি করেছে, নাট্য-উদ্যোগের বিষয়ভাবনার পরিবর্তন ঘটাবার সময় হয়েছে। গৈরিশ যুগের ধারাবাহিকতা মেনে বেণিমাধব পৌরাণিক আর ঐতিহাসিক বা কাল্পনিক নাটকের ফ্যান্টাসির জগৎকেই নাট্যমঞ্চের প্রধান বিষয় হিসেবে গ্রহণ করে এসেছে। কিন্তু প্রিয়নাথের দৃষ্টিকোণ অন্য রকম।

শিল্পী হয়েও স্বাধীনভাবে কোনো কাজ করতে পারার

স্বাধিকার ছিল না সেকালের নাট্যনির্দেশকের হাতে।

সেই প্রেক্ষিতে একটি রঙ্গমঞ্চের মালিকানা পাওয়া মানে তো

নিজের সম্পূর্ণ স্বাধীনতা পাওয়া।

‘টিনের তলোয়ার’ নাটকে সেই স্বাধীনতা অর্জন করেন বেণিমাধব।

প্রিয়নাথ বেগিমাধবকে বোঝায়, বাইরের সময় যখন পরিবর্তিত হচ্ছে, তখন ওই অলীক-সময়ের নাট্যকাহিনি বলে চললে, তা নাটকের ঠিক পথ-নির্দেশ করবে না। প্রিয়নাথ বলে, ‘গোরার দল কালো মানুষদের মেরে রক্তগঙ্গা বইয়ে দিয়েছে। যখন আপনি (বেগিমাধব) অকিঞ্চিৎকর একটা নাটকে আচাভুয়া সং-এর মতন লাফাচ্ছেন, ওদিকে আমার দেশবাসী প্রহৃত হচ্ছে।’ এই জন্যই বেগিমাধবকে প্রিয়নাথ মনে করিয়ে দেয় গ্রেট ন্যাশনাল থিয়েটারে গিরিশচন্দ্র ঘোষ লিখেছেন নতুন নাটক ‘গজদানন্দ ও যুবরাজ’ নাটক। সেখানে কলকাতার বকুলবাগানে জমিদার জগদানন্দের বাড়িতে ওয়েলসের যুবরাজের আসার ঘটনাকে ব্যঙ্গ করে নাটক লেখা হয়।

এই সূত্রেই নাটকের মধ্যে এক নতুন প্রতিপক্ষের কথা উঠে আসবে। কারণ, এতদিন একদিকে ছিল দেশীয় মানুষদের বিরোধিতা এবার বিরোধী শক্তি হিসেবে যুক্ত হবে শাসকপক্ষ।

প্রশ্ন-৩। নাটক কি সংগ্রামের উপকরণ নাকি তা আপোসপন্থী?

বৈদেশিক শাসকের অপশাসনের বিরুদ্ধে আর বিদেশি শাসকের প্রতি দেশীয় ক্ষমতাবান মানুষের নির্লজ্জ তোষামোদিকে কটাক্ষ করে এক ধরনের প্রহসনধর্মী নাট্যরচনা শুরু হল উনিশ শতকের উত্তরার্ধে। বিদেশির অপশাসনের বিরোধিতা করে যেমন লেখা হল ‘নীলদর্পণ’ তেমনই দেশীয় জমিদারদের নির্লজ্জ ইংরেজ-তোষণের বিরোধিতা করে লেখা হল ‘গজদানন্দ’ নাট্য। এই ধরনের বিরোধী স্বরের ক্রমিক উত্থানে উদ্ভিন্ন শাসককুল দুটি নতুন আইনের প্রণয়ন করে। এক অস্ত্র আইন আর দ্বিতীয়ত নাট্য নিয়ন্ত্রণ আইন। ১৮৭৬ সালে এই নাট্য নিয়ন্ত্রণ আইন চালু হওয়ার পরে সেকালের নাট্যকর্মীদের সামনে এক নতুন সমস্যা ঘনীভূত হয়। তা হল, সরকারি অনুমোদন ছাড়া যে কোনো নাট্যাভিনয় নিষিদ্ধ। ফলে দেশপ্রেমমূলক বা বৈদেশিক শক্তির বিরোধিতায় মুখর নাট্য-আয়োজন বস্তুত নিষিদ্ধ হয়ে যায় এই সময় থেকেই। লক্ষণীয়, বেঙ্গল অপেরা এই প্রেক্ষাপটে দুটি নাটকের আয়োজন করে। একদিকে দীনবন্ধু মিত্রের লেখা ‘সধবার একাদশী’ আর অন্যদিকে নাট্যোল্লিখিত চরিত্র প্রিয়নাথ মল্লিকের লেখা ‘তিতুমির’। প্রথম নাটকটি মঞ্জুচস্থ করার ব্যাপারে আপত্তি খোদ নাট্যদলের স্বত্বাধিকারী বীরকৃষ্ণ দাঁয়রো। কারণ, তিনি জানান, তাঁর অর্থেই নাটকের আয়োজন করে, তাঁর গোষ্ঠীকে নিয়েই ঠাট্টা বিক্রম করাকে তো তিনি মানতে পারেন না। ফলে, সে নাটক বন্ধ রাখতে হবে। অন্যদিকে, ‘তিতুমির’ নাটক যেহেতু বিদেশি শক্তির বিরুদ্ধে দেশীয় আদিবাসী নায়কের উত্থানের কাহিনি বলে, তাই সেই নাটক করাও সমীচীন নয় নাট্য নিয়ন্ত্রণ আইনের ভয়ে।

এই দুই নাটকের অভিনয় সম্পর্কে সবচেয়ে আশ্চর্য বিষয় হল বেগিমাধবের ভূমিকা। বেগিমাধব জানেন এই দুই নাটক মঞ্চসফল হবে, তবু বীরকৃষ্ণ দাঁয়ের উপস্থিতিতে কিছুতেই ‘সধবার একাদশী’ অভিনয় করেন না। তিনি আসলে জানেন, এই নাটক অভিনয় করলে, নাট্যদলের মালিক যদি বিরোধিতা করে নাটকের অনুদান বা লগ্নি বন্ধ করে দেন, তাহলে নাট্যচর্চাই যে ব্যাহত হবে। তাই, বীরকৃষ্ণের অনুপস্থিতিতে বেগিমাধব ‘সধবার একাদশী’ মঞ্চস্থ করে। বোঝা যায়, নাটকের জন্য তাঁর সমস্ত পরিকল্পনা। সেই পরিকল্পনা যদি কোনো ছলচাতুরির আশ্রয় নিয়ে সফল করতে হয়, তো তাতেও তাঁর আপত্তি নেই। ঠিক সেখান থেকেই, প্রবল উৎসাহে সকলে ‘তিতুমির’ নাটকের মহড়া শুরু করলেও, যে মুহূর্তে তিনি জানতে পারেন নাট্য নিয়ন্ত্রণ আইন চালু হয়েছে এবং সেই আইনের বলে গ্রেট ন্যাশনালের নামজাদা নাট্যশিল্পীদের পুলিশ গ্রেফতার করেছে, সেই মুহূর্তে তিনি ‘তিতুমির’ নাটকের পরিকল্পনা খারিজ করে দেন। নাট্যদলের মধ্য থেকে বসুন্ধরা তাঁর সেই সিদ্ধান্ত নিয়ে প্রতিবাদ করলে, কঠোর ভাষায় তিনি বলেন, কিছুতেই এ নাটক তিনি করবেন না, ‘শ্রীঘরের অন্ন খাওয়ার শখ হয়েছে বুঝি.... যার আপত্তি আছে সে যেন দরজা দেখে। বেঙ্গল অপেরা গোঁয়ারতুমি করে ধ্বংসে যায় না। দেশপ্রেমিকরা যেন ওই গ্রেট নেশনালের ভাঙা হাতে গিয়ে পসরা সাজান। এখানে দেশসেবকের ঠাই নেই।’ আপাতভাবে সত্যিই কঠোর আর বড়ো বেশি আত্মকেন্দ্রিক এই উক্তি। কিন্তু বেগিমাধব চরিত্রের যে নাট্যসাধনা, তার সঙ্গে সম্পূর্ণ সহাবস্থান করে এই সংলাপ। বেগিমাধবের মধ্যে দেশের জন্য

ভালোবাসা এতটুকু কম নয়, তিনি দেশকে ভালোবাসেন বলেই তো প্রিয়নাথের নাটককে তাঁদের পরবর্তী নাটক হিসেবে গ্রহণ করেন। তিনি দেশকে ভালোবাসেন, দেশের মানুষকে ভালোবাসেন বলেই তো নাটকের মাধ্যমে সাধারণ মানুষের মনোরঞ্জনের কথা ভাবেন। তবে, নাট্যচর্চাকে ব্যাহত করে শুধু দেশকে ভালোবাসে রাজবন্দী হওয়াকে তিনি বাস্তবোচিত সিদ্ধান্ত মনে করেন না। তিনি তাঁর নাটকের মধ্য দিয়েই তাঁর দেশের সাংস্কৃতিক সাধনাকে রূপ দিতে চান। তিনি মনে রেখেছেন, এই নাট্যদলের অভিভাবকও তিনি, ফলে এই নাট্যদলের প্রতিটি নাট্যকর্মীর সুরক্ষার দায়িত্বও তো তাঁরই। সেদিক থেকে নিজের থেকে তিনি স্বাভাবিকভাবেই এমন কোনো সিদ্ধান্ত নেবেন না, যা তাঁর নাট্যদলকে এক সামূহিক বিপদের সম্মুখীন করে দেয়। এই প্রবল দায়িত্ববোধও বেণিমাধব চরিত্রের সঙ্গে অঙ্গীভূত।

প্রশ্ন-৪। নাটকের প্রতি দায়বদ্ধতায় বেণিমাধব আত্মকেন্দ্রিক নাকি সহৃদয়?

বেণিমাধব আর বসুন্ধরা তাঁদের নাট্যদলের আরেক বয়োজ্যেষ্ঠ সদস্য হরবল্লভের সঙ্গে মিলে বহুদিন ধরে একটি নিজস্ব নাট্য রঙ্গমঞ্চের স্বপ্ন দেখেছেন। এই নিজস্ব নাট্য রঙ্গমঞ্চের স্বপ্ন দেখার তাৎপর্যটি প্রথমে সেকালের প্রেক্ষাপটে বুঝে নেওয়া প্রয়োজন। এই আলোচনার পূর্বার্থেই আমরা বলেছি, এই নাটকের পটভূমি আশ্রয় করে আছে ঊনবিংশ শতাব্দীর নাট্যচর্চার ইতিহাস। শৌখিন নাট্যচর্চার যুগের পরে শুরু হয়েছে পেশাদারি রঙ্গমঞ্চের যুগ। সময়টি ১৮৭২-পরবর্তী। এই সময়ে যাঁরা নাটক করতেন, তাঁদের সামনে নাট্যাভিনয়ের জন্য ছিল দুটি উপায়। হয় শৌখিন নাট্যচর্চা করতেন যাঁরা, সেই ধনাঢ্য ব্যক্তিদের প্রাঙ্গণেই নাট্যাভিনয়ের ব্যবস্থা করা, কিংবা এই নাটকে যেমন হয়, কোনো ধনী ব্যবসায়ীর লগ্নীকৃত অর্থ সাহায্যে কোনো রঙ্গমঞ্চে নাট্যাভিনয় চালিয়ে যাওয়া। মনে রাখা দরকার, সেই রঙ্গমঞ্চের স্বত্ব এই নাট্যদলের নয়। আবার নাট্যদলের মালিক নয় বলে, মালিকের মন রেখেই তাঁদের বাছতে হবে নাটক। তাঁর কথা আর স্বার্থ মেনেই সিদ্ধান্ত নিতে হবে কোন নাটক কখন তাঁরা অভিনয় করতে পারবেন। এ আরেক ধরনের রুচিগত পরাধীনতা। শিল্পী হয়েও স্বাধীনভাবে কোনো কাজ করতে পারার স্বাধিকার ছিল না সেকালের নাট্যনির্দেশকের হাতে। সেই প্রেক্ষিতে একটি রঙ্গমঞ্চের মালিকানা পাওয়া মানে তো নিজের সম্পূর্ণ স্বাধীনতা পাওয়া। ‘টিনের তলোয়ার’ নাটকে সেই স্বাধীনতাই অর্জন করেন বেণিমাধব। নাট্য-মধ্যে বীরকৃষ্ণ এই নাট্যদল থেকে নিজের তেমন মুনফা হচ্ছে না বলে, পুরো নাট্যদলের স্বত্বই ছেড়ে দেন বেণিমাধবের হাতে। এইখানেই বেণিমাধব চরিত্রের একটি গভীর দিক উঠে আসে নাটকে। কখনো তাঁর সিদ্ধান্তকে মনে হয় নিষ্ঠুর আত্মকেন্দ্রিক আবার কখনো তাঁকে মনে হয় শিল্পের জন্য সর্বস্ব পণ-করতে পারার দুর্মর ক্ষমতা তাঁর। এই বিষয়ের কেন্দ্রে রয়েছে ওই রঙ্গমঞ্চের অধিকার স্বত্ব-অর্পণের শর্তটি।

শিল্পী হয়েও স্বাধীনভাবে কোনো কাজ করতে পারার

স্বাধিকার ছিল না সেকালের নাট্যনির্দেশকের হাতে।

সেই প্রেক্ষিতে একটি রঙ্গমঞ্চের মালিকানা পাওয়া মানে তো

নিজের সম্পূর্ণ স্বাধীনতা পাওয়া। ‘টিনের তলোয়ার’ নাটকে

সেই স্বাধীনতাই অর্জন করেন বেণিমাধব। নাট্য-মধ্যে

বীরকৃষ্ণ এই নাট্যদল থেকে নিজের তেমন মুনফা হচ্ছে না বলে,

পুরো নাট্যদলের স্বত্বই ছেড়ে দেন বেণিমাধবের হাতে।


বীরকৃষ্ণ নাট্যমঞ্চের স্বত্ব ত্যাগ করে তার অধিকার বেণিমাধবকে দেবেন একটি শর্তের বিনিময়ে। তা হল, ময়নাকে তাঁর উপপত্নীরূপে তিনি গ্রহণ করবেন। এই শর্তে স্বাভাবিকভাবেই প্রবল বিরোধিতায় মুখর হয়ে ওঠেন বসুন্ধরা আর প্রিয়নাথ, এমনকি সংগত কারণেই ক্ষুব্ধ হয়ে ওঠে ময়নাও। কিন্তু আশ্চর্য ভাবে বিপরীত বেণিমাধবের প্রতিক্রিয়া। তিনি এককথায় রাজি হয়ে যান বীরকৃষ্ণের এই হীন-শর্তে। বীরকৃষ্ণ যখন ত্রুরস্বরে বলে, ‘ওই শংকরী পাখা মেলে উড়ছে যার তার সঙ্গে ওকে আমি--- ইয়ে--- রাখবো--- সে ব্যবস্থাটা করে দিতে হবে।’ এর উত্তরে সকলে যখন স্তব্ধ, তখন বেণিমাধব শান্তস্বরে বলেন, ‘ও, এই কথা! আমি ভাবলাম আপনি ন্যাকড়ার আগুন তো, নিশ্চয়ই অন্য কোনো দিক থেকে পোড়াবার ফিকির খুঁজছেন। তা শকরীকে সুখে রাখবেন তো?’ অদ্ভুত এই প্রতিক্রিয়া। শংকরী বা ময়নাকে হীনচরিত্র বীরকৃষ্ণের কাছে পাঠাতে তাঁর আপত্তি নেই, শুধু যেন জানা দরকার, শংকরীকে বীরকৃষ্ণ সুখে রাখবে কি না আর তাকে নাটক করার অনুমতি দেবে কি না? এই দুটি শর্তে বীরকৃষ্ণ রাজি থাকলে বেণিমাধব স্পষ্টত বলেন, ‘তাহলে তো আমি আপত্তির কিছুই দেখি না।’ পরে বসুন্ধরাকেও অগ্নানবদনে বেণিমাধব বলেন, এই নাট্যশালা গড়ে উঠবে ‘প্রায় বিনামূল্যেই বলা যায়। ময়না বীরকৃষ্ণের ধোপাপুকুরের বাড়িতে থাকবে--- ব্যসা!’

ময়না সম্পর্কে বেণিমাধবের এই সিদ্ধান্তের পিছনে স্বাভাবিকভাবেই এক স্বার্থপর, আত্মকেন্দ্রিক মনকে দর্শক আবিষ্কার করে। বসুন্ধরা প্রিয়নাথ প্রত্যেকে তীব্র ভাষায় ভর্ৎসনা করে বেণিমাধবকে। তবুও বেণিমাধব অনড়। তিনি আত্মপক্ষে যুক্তি সাজাতে গিয়ে বলেন, ‘সতীত্ব? সেটা একটা কুসংস্কার’। তিনি বলেন, ‘নীতিবোধ নিয়ে চললে আর থিয়েটার করতে হত না এ দেশে। বীরকৃষ্ণ দাঁয়েদের মাথায় কাঁঠাল ভেঙে থিয়েটার চালাতে হয়।’ এমনকি বলেন, ‘গলায় নীতির পৈতে ঝুলিয়ে ব্রহ্মজ্ঞানী সাজলে এই কলকাতায় না হোতো থিয়েটার, না হোতো নাচগান, না হোতো নাটক নভেল লেখা।’ বেণিমাধবের এই বাজিতে সে ময়নাকে একটা ‘মূলধন’ হিসেবে ভাবে, তাই বলতে পারে, ‘ময়নার মতো মূলধন আমার হাতে থাকতে এত বড় দাঁও ছেড়ে দেব?’ বেণিমাধবের এই কথার প্রত্যুত্তরে বসুন্ধরা তাকে তীব্র ভাষায় আক্রমণ করলে বেণিমাধব জানায় এমনকি ময়না যদি তার নিজের মেয়ে হোতো, তাহলেও এই সিদ্ধান্ত নিতে সে পিছ-পা হোতো না। তার একটাই কথা, ‘থিয়েটারের জন্য সব করতে পারি, করে এসেছি, করে যাবো।’ এইখানেই অদ্ভুত এক মানুষ হিসেবে উপস্থিত হন বেণিমাধব। এই বেণিমাধব নাটকের জন্য সব কিছু করতে পারেন। নাট্যসর্বস্ব একটি মানুষ, যিনি নাটকের প্রয়োজনে কখনো নিজেও বীরকৃষ্ণের কাছে নিচু হতে বা সব জেনেশুনেও তার কাছে অপমানিত হলেও চুপ করে থাকতে কুণ্ঠিত হন না আবার নাটকের প্রয়োজনেই নিজের কন্যাসম ময়নাকেও যিনি পাঠাতে পারেন বীরকৃষ্ণের কাছে তার রক্ষিতা হিসেবে। এই আদ্যন্ত নাট্যসর্বস্ব এক মানুষের ভিতরে যে প্রতিবাদী মানুষটি, সেই কিন্তু নাটকের অন্তিম দৃশ্যে নিজের চরিত্রের মধ্যে মিশিয়ে দেন প্রতিবাদী তিতুমিরের সংলাপ। আপাতভাবে যা মত্ত অবস্থায় উচ্চারিত, বেণিমাধব চরিত্রটিকে মন দিয়ে লক্ষ করলে দেখা যায়, সেই উচ্চারণ ঠিক আকস্মিক নয়। নিজে তিতুমিরের সংলাপ বলে, একদিকে বীরকৃষ্ণকেও তিনি বুঝিয়ে দেন, প্রিয়নাথের নাটকের মধ্যেই তিনি সত্যিকারের নাটককে পেয়েছেন আর রঙ্গমঞ্চের প্রেক্ষাগৃহে উপস্থিত সরকার পক্ষের ল্যান্ডমার্ক সাহেবকেও তিনি ছুড়ে দেন এক প্রতিবাদের কঠিন কণ্ঠস্বর। প্রতিবাদের এই উত্তরণেই ‘টিনের তলোয়ার’ নাটকের শেষ দৃশ্যে সমস্ত আপাত আপোসের মুখগুলিকে ত্যাগ করে, প্রতিবাদে উজ্জ্বল হয়ে ওঠেন বেণিমাধব চাটুজ্জে। সেখানেই বিশেষ একটি কালের চরিত্র হয়েও বেণিমাধব বাংলা নাটকের ইতিহাসে এক কালোত্তীর্ণ চরিত্র হয়ে উঠেছে।

সমরেশ বসুর বি টি রোডের ধারে:
লেখকের মনোধর্মের দুই ধারা

দেবযানী নায়ক

রাজ্য অনুমোদিত কলেজ শিক্ষক, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ



'বিটি রোডের ধারে'
উপন্যাসের মধ্যে বস্তি
জীবনের চিত্র অঙ্কনে
কিছুটা বাস্তবতা কিছুটা
স্বপ্ন মাখানো কল্পনা
লক্ষ্য করা যায়।
অবিভক্ত কমিউনিস্ট
পার্টিতে যে
শৃঙ্খলাবদ্ধতার ব্যাপার
ছিল তার প্রভাব
আলোচ্য উপন্যাসে
পড়েছে।

জীবন, মানুষ এবং শিল্প এই তিনটি বিষয় স্বতন্ত্রভাবে কিংবা একত্রে যে কথাসিল্পীর আত্মার অধিগত থাকে, তিনি কখনোই কোনোকিছুর সাথে আপোষ করেন না, করতে পারেন না কৃত্রিম সমাজগঠন ও জীবনব্যবস্থা এবং শিল্প প্রকরণের সঙ্গে। সমরেশ বসুর কথাকার জীবনের ইতিহাস তারই প্রমাণ দেয়, যাঁর মনের গভীরে ছিলো একজন জাত চিত্রশিল্পী হওয়ার তুলি, হাতে এসেছিলো কথাসাহিত্যিকের কলম। তিনি তুলি ত্যাগ করে কলম ধরলেন, কিন্তু তাঁর কলমই একসঙ্গে তুলিরও কাজ করেছে। একের পর এক চরিত্র আঁকলেন কখনো সমরেশ বসুর নামে, কখনো কালকূটের কাঁধে ঝোলানো ব্যাগ থেকে বের করে আনা কলমের রেখায় রেখায়। অসমাপ্ত 'দেখি নাই ফিরে' জীবনী উপন্যাসে তিনি একাধারে কথাকার ও চিত্রী।

আলোচ্য বি টি রোডের ধারে উপন্যাসে পরিণত শিল্পী সমরেশ বসুর মনোধর্মের দুই ধারা লক্ষ্য করা যায়। একদিকে সমরেশ বসুর রাজনৈতিক চেতনা, অন্যদিকে কালকূটের বাউলিয়া জীবনবাদী সুর - এই দুই সত্তার সমান্তরাল প্রতিফলন পরিলক্ষিত হয়। ছকের মধ্যে সীমাবদ্ধ অবস্থায় শিল্পীকে যথাযথভাবে বিচার করা যায় না। সমরেশ বসু শিল্পী, শিল্পের কাছে তাঁর যে দায়বদ্ধতা সেইখানে তিনি সং। শিল্পী মনে করেন জীবন অনন্ত বৈচিত্র্যময়, তাই জীবনের অপরিাপ্ত আয়োজন সমেত জীবনকে দেখা শিল্পীর কাজ। রাজনৈতিক সচেতনতার পাশাপাশি জীবন বাদী মন নিয়ে তিনি যে অচিন পাখি সন্ধান করে চলেছিলেন তার পরিচয় এই উপন্যাসে পাওয়া যায়।

কালকূটে সামনে বিশাল ক্যানভাস। সেখানে কোন প্রেম নেই, গ্রন্থি নেই, জীবন সেখানে চলমান। আত্মপরিচয়হীন মুক্ত মানুষের মেলায় তিনি খুঁজে বেড়ান জীবনের অন্যতম দিগন্ত। লেখক অন্য মানুষের পাপ পুণ্যের মধ্যে নিজেকে খুঁজে নেন। তাই কালকূটের কথা বলতে গেলে আবার সেই সমরেশ বসুই এসে পড়েন, যার কাছে যুদ্ধে আর জীবনে একই বিধি - কারণ জীবন মানেই যুদ্ধ জীবন মানেই জ্বালা।

সুরথনাথ থেকে সমরেশ, সমরেশ থেকে কালকূট - সমরেশের জীবনে এক সুদীর্ঘ পরিক্রমা। এই দীর্ঘ পথ তাকে বিভিন্ন অভিজ্ঞতা, বিভিন্ন বিশ্বাস, বিভিন্ন বাধার মধ্য দিয়ে আসতে হয়েছে, "আমি বিশ্বাস করি সাহিত্যিককে বেঁচে থাকতে হয় কেবল জৈবিকভাবে নয়, আরো বহুতর বাধার বিরুদ্ধে। ব্যক্তিগত ঈর্ষা থেকে রাজনীতি, এমনকি আত্মার আত্মজনরাও বাধার ব্যুহ রচনা করে,



"আমি কালকূট, বিষে অঙ্গ জরজর।

মরুর উত্তাপের জ্বালায় আমি যখন তার
নিবিড় ছায়ার সুখ সন্ধান করি, সে আমার
চোখের দুকুল ভাসিয়ে দেয়।

জ্বালায় পড়ে যখনই প্রলাপ বকতে যাই,

কি এক অনির্বচনীয় সুধায় সে আমার প্রাণ ভরিয়ে দেয়।"

সমরেশ বসু

জটিলতা করে। সৃষ্টি নতুন দিগন্তের সন্ধান করে আর প্রতিষ্ঠা সংগ্রামকে তীব্রতর করে কেবল বাইরে না, ঘরে।"

প্রত্যেক ছদ্মনামের একটি নেপথ্য কাহিনী থাকে এবং সে কারণেই সমরেশ বসু কেন কালকূট হয়েছিলেন এই প্রশ্নটা আমাদের ভাবায়। লেখকের নিজস্ব জবানবন্দিতে,

"আমি কালকূট, বিষে অঙ্গ জরজর। মরুর উত্তাপের জ্বালায় আমি যখন তার নিবিড় ছায়ার সুখ সন্ধান করি, সে আমার চোখের দুকুল ভাসিয়ে দেয়। জ্বালায় পড়ে যখনই প্রলাপ বকতে যাই, কি এক অনির্বচনীয় সুধায় সে আমার প্রাণ ভরিয়ে দেয়।" আত্মবিস্মৃতির চপ্পে একদা সমরেশ বসু তার কালকূট নামের ব্যাখ্যা করেছিলেন এইভাবে, "আমার আরশিনগর যদি হয় জগৎ ও জগৎজন, তাদের মধ্যে আমার পড়শী সত্তাটিকে সন্ধানই নামের আড়ালে ঘুরে ফেরা। ইংরেজিতে একে আইডেন্টিফিকেশন বলে নাকি! যা খুশি বলুক গিয়ে, ওতে আমি নেই। যা বলেছি তাই আড়াল দিয়ে খুঁজে ফিরি বোধহয় নিজেকেই। তারই নাম কালকূট।" সমরেশ বসু ও কালকূট দুই মিলে বিচিত্র ব্যক্তিত্ব - একজন শিল্পী এবং বিশ্লেষক আর একজন সন্ধানী এবং দরদী।

সমরেশ বসুর লেখকসত্তার দুটো স্তর দুই ভিন্ন স্রোতে প্রবাহিত হয়েছে। একটি স্রোতে তিনি বাস্তব সচেতন জীবন জিজ্ঞাসু, তীক্ষ্ণ পর্যবেক্ষণে সামাজিক বাতাবরণের মানুষের শিকড় ধরে নাড়া দেওয়ার চেষ্টাই তাঁর কাজ সেখানে তিনি সমরেশ বসু। অন্য স্রোতে তিনি বারমুখো এক ভাবুক অভিযাত্রী অতীন্দ্রিয় টানে মাঝে মাঝেই তাঁর ডানায় কাঁপন লাগে, সংসারের কিছু বিচিত্র নর নারীর ব্যক্তিগত সুখ দুঃখের মূল সন্ধানই তিনি ঘর ছেড়ে ছুটে যান তথাকথিত সমাজের বহিরঙ্গনে, তখন তিনি কালকূট। সমরেশ বসু হয়তো নিরাশঙ্ক শিল্পী কালকূট সেখানে ভিন্নতর দৃষ্টিভঙ্গি নিয়ে আসক্ত সংরাগে কূট জীবনের সরল মন্তন করে অমৃতের প্রত্যাশী। কিন্তু দুজনেই সাহিত্যের দরবারে হৃদয় সংবেদবাহী অতিথি, একই লেখায় তাই কখনো কখনো দুজনকে একইসঙ্গে খুঁজে পাওয়া অসম্ভব নয়।

কালকূটের শিল্পীমানসে একটা গৈরিক ধূসরতার ছায়া আছে। বিশ্ব তরঙ্গের সঙ্গে ভাবমান মানবসত্তার গভীরে নামাই যেন তাঁর সাধনা। কালকূট চরিত্রে একজন অনুসন্ধিৎসু বাউলের পরিচয় পাওয়া যায়। কালকূট রূপের কারবারী, অশেষ অরূপের নিত্যসন্ধান নব নব রূপে মানুষ আসে তাঁর চেতনার দরজা খুলতে, তাই তিনি ঘুরেছেন এদেশের বিশাল জনপদে, বন্দরে, হাটে, মেলায়। ঘুরেফিরে বাউলদের সঙ্গে কালকূটের সম্পর্ক স্থাপনের মধ্যেই তাঁর ঝাঁক। সমরেশ বসুর সঙ্গে কালকূটের এখানে যেন মুখোমুখি দেখা হয়। শুধু ফ্রেয়েডীয় প্রভাবে নয়, দেহ রসের সংগুণ্ত আবেদনে সমরেশ বসু নিজের লেখায় যেন শরীরী অনুভূতির আপাত বিলোল মায়াকে বারবার ব্যবহার করতে চেয়েছেন। অবচেতনে কালকূট এবং সমরেশ বসুর সহাবস্থান খুব দূর কল্পনা নয়।

কালকূটের আধুনিক চেহারা শুরুতে অন্যরকম ছিল। পঞ্চাশের দশকের প্রথম দিকে সম্ভবত ১৯৫২ সালে কংগ্রেসী রাজনীতির অঙ্গুলিহেলনেই পশ্চিমবাংলার কয়েকটি শিল্পাঞ্চলে বিহারী - বাঙালি জাতির মানুষের দাঙ্গা

পূর্বে কমিউনিজমের সঙ্গে যুক্ত ছিল আত্মত্যাগ যা আজ অবলুপ্ত।
গত শতাব্দীর মধ্যবর্তী সময়েও আত্মত্যাগের মূল্য ছিলো,
সেখানে কমিউনিস্ট শ্রমিকরা ভোগময় জীবন থেকে বিচ্ছিন্ন হয়ে
এক জায়গায় বসবাস করতেন। সেখানে সাধারণ রন্ধনশালা,
ভোজনালয়ের ব্যবস্থা ছিলো। সমরেশ বসুর মনে হয়তো
এই ব্যবস্থা প্রভাব বিস্তার করেছিলো, তাই এখানে প্রতিফলিত হয়েছে।

ঘটেছিল। বামপন্থী ভাবধারার সঙ্গে যুক্ত সমরেশ বসু সেদিন দাঙ্গাকে শুধু দর্শকের মত দূর থেকে তাকিয়েই দেখেননি, ভুক্তভোগী হিসেবেও তাঁকে কিছু যন্ত্রণা সহিতে হয়েছিল। 'কমিউনিস্ট ছিলাম' এই আত্মঘোষণা সমরেশ বসু বহু ক্ষেত্রেই সর্গর্বে উচ্চারণ করেছেন, তাই কমিউনিস্ট সমরেশ বসুর সঙ্গে অতীন্দ্রিয় রস আকাঙ্ক্ষী। কালকূটের সহাবস্থান' কোথায় পাব তারে' বইতে যেমন বিস্ময়কর তেমনি প্রাণিধানযোগ্য এর ভাষা।

আলোচ্য' বিটি রোডের ধারে' উপন্যাসের মধ্যে বস্তি জীবনের চিত্র অংকনে কিছুটা বাস্তবতা কিছুটা স্বপ্ন মাখানো কল্পনা লক্ষ্য করা যায়। অবিভক্ত কমিউনিস্ট পার্টিতে যে শৃঙ্খলাবদ্ধতার ব্যাপার ছিল তার প্রভাব আলোচ্য উপন্যাসে পড়েছে। বাড়িওয়ালার বস্তিতে একটি সাধারণ ভোজনালয় আছে, লেখক তার বর্ণনা দিতে গিয়ে বলেছেন এসব বস্তিতে ঠিক হোটেল নয় তবে ঐরকম একটা নিয়ম আছে। যারা পরিবার নিয়ে থাকে তারা সাধারণত নিজেরাই রান্না করে খায়। বাকিরা এক জায়গায় তাদের বন্দোবস্ত করে নেয়। তার মধ্যে অবশ্য মেয়ে - পুরুষ সব রকমই আছে। কলেখাটা মেয়েদের অনেকেই রান্নার ঝুঁকি নিতে চায় না। যারা স্বামী-স্ত্রী দুজনেই কারখানায় কাজ করে তারাও কারো হাঁড়িতে নাম লেখায়, রাধুণী হিসাবে সেখানে কালো, গোবিন্দের মতো লোক আছে। সকলে একসাথে খেতে বসে, এইভাবে কমিউনিটির অস্বচ্ছ যে প্যাটার্ন অঙ্কিত হয়েছে তা প্রকৃত বাস্তবায়িত রূপ নয়। তবে বাড়িওয়ালার বস্তি জীবন অঙ্কন করতে গিয়ে সমরেশ বসুর রাজনৈতিক মনোদীক্ষার প্রতিফলন ঘটেছে।

পূর্বে কমিউনিজমের সঙ্গে যুক্ত ছিল আত্মত্যাগ যা আজ অবলুপ্ত। গত শতাব্দীর মধ্যবর্তী সময়েও আত্মত্যাগের মূল্য ছিলো। সেখানে কমিউনিস্ট শ্রমিকরা ভোগময় জীবন থেকে বিচ্ছিন্ন হয়ে একজায়গায় বসবাস করতেন। সেখানে সাধারণ রন্ধনশালা, ভোজনালয়ের ব্যবস্থা ছিলো। সমরেশ বসুর মনে হয়তো এই ব্যবস্থা প্রভাব বিস্তার করেছিলো, তাই এখানে প্রতিফলিত হয়েছে।

গোবিন্দ একজন ফোর টোয়েন্টি, বিতারিত শ্রমিক, তার বিরুদ্ধে ফৌজদারি মামলা হয়েছিলো। তার মধ্যে বিক্ষুব্ধ শ্রমিকের তেজ লুকিয়ে আছে। একজন ফোর টোয়েন্টি হয়েও তার মধ্যে সংগ্রামী মনোবৃত্তি আছে, লড়াই জীবনের ছবি তার মাধ্যমে অঙ্কিত হয়েছে। দুলারী বউ অসুস্থ হয়ে পড়ায় গণেশ যখন বাইরের কর্মতরঙ্গ থেকে নিজেকে গুটিয়ে নিয়ে এসে শুধু দুলারীর প্রেমবৃত্তেই আবর্তন করতে চেয়েছিল, বস্তিবাসীর সকলেই এমনকি মালিক পর্যন্ত তার এই বেয়াকুবের মত কাজ কামাই করে নিজেকে নিঃশেষ করে ফেলার বিরুদ্ধে বলেও মন টলাতে পারেনি তখন গোবিন্দ আস্তে আস্তে তার মনের সমগ্রতা অধিকার করে নিয়েছিল। প্রেমে, সেবায়, গুশ্রুণায় মুমূর্ষু দুলারীকে একদিন সে চাঙ্গা করে তুলেছিল, গণেশকে আবার নিয়মিত চটকলে কাজ করতে পাঠিয়েছিল। এই সংগ্রামী মনোবৃত্তি লেখকের রাজনৈতিক মনোদীক্ষারই ফল, তিনি কমিউনিস্ট শ্রেণী তত্ত্বে যে বিশ্বাস করতেন তার প্রমাণ এর মধ্য দিয়েই পাওয়া যায়। জমিদার বিরিজমোহনের মতো বাড়িওয়ালার হাত থেকে বস্তি বাঁচানোর যে সংগ্রামে গোবিন্দ নেমেছিল তাতে সে সফল হতে পারেনি কিন্তু এই ভাবনা কমিউনিস্ট দীক্ষায় দীক্ষিত সমরেশ বসুর মন থেকে যে বেরিয়েছে তা বুঝতে অসুবিধা হয় না।

বস্তিজীবন বাইরের শক্তির আঘাতে যখন বিপর্যস্ত হয়েছিল সরকারি তরফ থেকে বস্তি ভাঙতে যখন তৎপরতা



"আমি বিশ্বাস করি সাহিত্যিককে বেঁচে থাকতে
হয় কেবল জৈবিকভাবে নয়, আরো বহুতর বাধার বিরুদ্ধে।
ব্যক্তিগত ঈর্ষ্যা থেকে রাজনীতি, এমনকি
আত্মার আত্মজনরাও বাধার ব্যুহ রচনা করে,
জটিলতা করে। সৃষ্টি নতুন দিগন্তের সন্ধান করে আর
প্রতিষ্ঠা সংগ্রামকে তীব্রতর করে
কেবল বাইরে না, ঘরে। — সমরেশ বসু

দেখা দিয়েছিল সেই সময় গোবিন্দ একা প্রতিবাদ করেছিল। সমগ্র প্রশাসনের চিত্র এর মাধ্যমে ধরা পড়ে। বস্তিবাসীদের কাছ থেকে সে আঘাত পেয়ে আত্মহননের পথ বেছে নিয়েছিল। লাঠিয়ালের বিরুদ্ধে একা সংগ্রাম করেছিল, এর মাধ্যমে তার লড়াই মনোভাবের পরিচয় পাওয়া যায়। প্রশাসনের সঙ্গে বিরিজমোহনের ষড়যন্ত্রের শিকার হয় গনেশ আবার জমিদার, মালিক ও প্রশাসনের যৌথ উদ্যোগে বস্তি উচ্ছেদের ঘটনার মধ্য দিয়ে শ্রেণীগত শোষণের চিরায়ত জীবনের চিত্র পরিস্ফুট হয়েছে। এখানে সমরেশ বসুর কমিউনিস্ট সত্তার পরিচয় পাওয়া যায়।

আবার কারখানা থেকে বস্তির মানুষদের ছাঁটাই হয়ে যাওয়ার প্রসঙ্গটিও সমরেশ বসুর রাজনৈতিক চেতনার প্রতিফলন। সমাজসচেতন যুগ সম্পর্কে অভিজ্ঞ লেখক লিখেছেন, "সত্যি ছাঁটাই যেন চটকলে শরৎকালের মেঘের মতো। কখন আসবে কখন যাবে আর কি তার কারণ বুঝতে না পেরে যেমন হঠাৎ ফ্যাসাদে বিব্রত মানুষে জানোয়ারে ছুটোছুটি আরম্ভ করে, ছাঁটাইয়ের আচমকা মারটাও আসে তেমনি।"

শ্রমিক জীবনের অনিশ্চয়তা, ছাঁটাইয়ের ভয় ও সমাজবন্ধন এবং মানবিক সম্পর্কের অনিয়মিত, নীতিহীন শিথিলতা এই উপন্যাসের জীবনচিত্রের পটভূমিকায় সুপরিষ্ফুট হয়েছে। শ্রমিকদের সংগ্রামী মনোবল ভেঙে দেওয়ার জন্য মালিকদের প্রধান অস্ত্র ছাঁটাই, লে অফ লক আউট ঘোষণা এবং এই অবস্থায় শ্রমিকদের জীবনের অনিশ্চয়তা ফুটে ওঠে। শ্রমিক জীবনের ছাঁটাইয়ের উপমা লেখকের বিশেষ সচেতনতারই সাক্ষী।

সমরেশ বসুর বেশিরভাগ উপন্যাসের মধ্যে বাউলিয়া জীবনবাদের প্রতিফলন লক্ষ্য করা যায়, যা কালকূট সত্তার অন্যতম বৈশিষ্ট্য। কালকূট মনে করেন শ্রেণীদ্বন্দ্ব মানুষের শেষ কথা নয়, মানুষে মানুষে প্রাণরসের সম্মেলনের মাধ্যমে অচিনপাখিকে ধরাই হলো মূল কথা। মানুষের খন্ড খন্ড বেদনাগুলির সাহায্যে সমগ্র জীবনদর্শন অন্বেষণ করার চেষ্টা তিনি করেছেন। আলোচ্য উপন্যাসে সমরেশ বসুর কমিউনিস্ট সত্তার প্রতিফলন থাকলেও প্রয়োজনে তাকে অতিক্রমের চেষ্টাও করেছেন। স্বপ্ন বাস্তবতার সঙ্গে মিললেও তিনি ক্রমাগত স্বপ্ন লেখার প্রয়াসও করেছেন। তার নির্দিষ্ট কিছু শব্দ আছে যার মাধ্যমে সমরেশ বসুকে চেনা যায় যেমন আলোচ্য উপন্যাসে পোড়ানি শব্দটি। এই শব্দটি ফোর টোয়েন্টি গোবিন্দ, কালো, ফুলকি গনেশ দুলারি বাড়িওয়ালাকে প্রাণরসে সঞ্জীবিত করে তুলেছে। এর মাধ্যমে শিল্পী সমরেশ এর অন্য সত্তার পরিচয় ফুটে উঠেছে।

লক্ষ্য করলে দেখা যায় যে বিটি রোডের বাস্তব কুশ্রীতা এবং নর্দমার, অন্ধকারের ভগ্নস্তম্ভের প্রতিপক্ষে সমরেশ বসু মানুষের স্বপ্ন ও ভালোবাসা এবং প্রেমের এপিসোডের কাহিনীগুলিকে সামনে নিয়ে এসেছেন। বস্তি যে আস্তাকুড়, অবসাদগ্রস্ত নিরাশার জঞ্জালে ভরা - এ ছবিটি যেমন স্পষ্ট, প্রত্যক্ষ; বস্তিবাসীরা হতাশায় নিজেদের যেমন জানোয়ার ভাবে তেমন প্রকৃতির দ্বন্দ্বময় ব্যবহারে এবং মানুষের স্বপ্ন ও প্রেমের তীব্রতর ছবিতে এই 'জানোয়ার'দের লেখক মানুষ হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। আপাত কাঠিন্যের অন্তরালে, উঠোন ভর্তি জঞ্জালের নরকের মধ্যেই পাকা

বাথরুমের স্বপ্ন বাড়িওয়ালার মনে দানা বেঁধে ওঠে। বস্তিবাসী মানুষকে সে ভালোবাসে, বাঁচাতে চায় - এ যেন প্রাক
ধনতান্ত্রিক গোষ্ঠীবদ্ধ জীবনের স্মৃতি। রুগ্ন ছেলেটিও সাহেব হওয়ার স্বপ্ন দেখতো, বিলেত যাওয়ার স্বপ্নে বিভোর
থাকতো। দুলারী, লোটন, ফুলকি - সবাই প্রেমে বিজয়িনী। গণেশ, কালো, নগেন এমনকি হরিশ নন্দও ভালোবাসায়
উত্তীর্ণ হয়ে যায়। বস্তি জীবনের কুৎসিৎ পরিবেশকে কাটিয়ে তারা মনুষ্যত্বের অমরত্বে স্থান পায়, যা পাশের বাড়িটার
মানুষ বিরিজমোহন, পৌরসভার, থানার কর্মচারীরা পায় না। আলোচ্য উপন্যাসে ভাঙ্গনের, পরাজয়ের ছবি আছে যা
লড়াকু মানুষের হত্যায় শেষ হয়। কিন্তু গভীর স্তরে এই মানুষেরা মানবিকতায়, ভালোবাসায়, অপরের প্রতি
সহানুভূতিতে নিজেদের মানুষ হিসাবে প্রমাণ করে। বিরিজমোহনের গায়ে তারা যখন কাদা ছোঁড়ে, ময়লা ছোঁড়ে তখন
এই মনুষ্যত্বই কথা বলে। এ কাদা শুধু একজন বিরিজমোহনের দিকেই ধাবিত নয়, এ কাদা উদ্যত সমাজের দিকে,
শোষণ - অত্যাচারের বিরুদ্ধে। অনন্যপ্রায় প্রাকৃতিক মনুষ্যত্বে আলোচ্য উপন্যাসের মানুষেরা যেন আকাশ লগ্ন।

সমরেশ বসু যে ইউটোপিয়ান স্বপ্ন দেখেছিলেন জীবনের গাঙে, সেখানে স্নান করার যে প্রবৃত্তি তাঁর মনে
জেগেছিল তাকে কমিউনিস্ট কলমে ধরা যায় না। এরজন্য তাঁর মনোধর্মের দ্বিতীয় অংশের অর্থাৎ কালকূট সত্তা এবং
শিল্পীসত্তার প্রভাব লক্ষ্য করা যায়। এইভাবে আলোচ্য উপন্যাসে কালকূটসত্তা, সমরেশ বসু সত্তা এবং তাঁর শিল্পী
সত্তার সমন্বিত প্রতিফলন দেখতে পাওয়া যায়।

শাঁওলী মিত্রের ‘নাথবতী অনাথবৎ’: প্রেক্ষাপট, অভিনয়-শিল্প ও দ্রৌপদীর আনন্দ-বেদনা

ঈশিতা দত্ত

সরকার অনুমোদিত কলেজ শিক্ষক, বঙ্গভাষা ও সাহিত্য বিভাগ



কথকতার ভঙ্গিতে
শাঁওলী মিত্র লেখেন
‘নাথবতী অনাথবৎ’
যার সাহিত্যমূল্য
যেমন, তেমনই তার
নাট্যগুণ। একজন
কথক সমস্ত কাহিনিটা
বলে যান, অভিনয়
করে, কখনও গান
গেয়ে কখনও শরীরী
অভিনয় করে।

সংক্ষিপ্তসার:

